# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Magh 10, 1430 Bangla, January 24, 2024, Wednesday, No. 24, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina seeks cooperation of all development partners including France to sustain ongoing development spree in BD - urges western countries to mount their pressure further for quick repatriation of Rohingyas. (VOA: 9, 10, R. Today: 14)

The Foreign Minister Dr. Hasan Mahmud says, World Bank wants to strengthen and expand relations with Bangladesh along with giving new loans to Bangladesh on easy terms. (R. Today: 16)

Local Government, Rural Development and Cooperatives Minister Md. Tajul Islam says, there will be no violation of law if voting is taken without party symbols in local elections. (VOA: 9, Jago FM: 16)

US State Department Spokesperson Vedant Patel says, the United States will continue to take steps to deepen relations with the Bangladeshi government and various parties outside the government. (R. Today: 14)

Stephene Dujarric, spokesman for UN SG says, UN position regarding 12th parliamentary election of BD remains same as before - at the same time, what UNHC for HR says after poll also remains unchanged. (R. Today: 15)

Sharifa's story in textbook will be discussed with experts and if there is any confusion, it will be changed, says Education Minister Mahibul Hasan Chowdhury. (VOA: 7, R. Today: 16, Jago FM: 20)

Debate and discussion are going on on social media over statement of former part-time teacher of private BRAC University Asif Mahtab about chapter on transgender in a textbook of National Curriculum. (BBC: 3)

A BGB member has been killed in firing by BSF at Benapole border in Jashore - State Minister for Shipping Khalid Mahmud Chowdhury comments death of BGB member was an isolated incident. (BBC: 3, R. Today: 15)

BNP leader Rizvi says, holding fair election under party govt. is never possible - opines, govt. held elections on January 7 to please some foreign masters without paying attention to desires of people. (R. Today: 15)

SUJAN informs, about 89.97 % or 269 persons are millionaires among elected MPs in 12th National Parliamentary election of BD which is 7.64 % higher than that of 11th National Parliamentary poll. (R. Tehran: 13)

Nobel laureate economist Dr. Muhammad Yunus is being harassed and deprived of his fundamental rights, alleges his lawyer Barrister Abdullah Al Mamun - 12 senators of USA have urged PM Sheikh Hasina to stop harassing Dr. Muhammad Yunus. (BBC: 6, R. Today: 16)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ১০, ১৪৩০ বাংলা, জানুয়ারি ২৪, ২০২৪, বুধবার, নং- ২৪, ৫৪তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের উন্নয়ন কর্মসূচিগুলোর স্থায়িত্ব নিশ্চিত করতে, ফ্রান্সসহ সকল উন্নয়ন অংশিদারদের সহযোগিতা কামনা করেছেন - তিনি রোহিঙ্গাদের দ্রুত প্রত্যাবাসনে আরো চাপ বাড়ানোর জন্য ফ্রান্সসহ পশ্চিমা দেশগুলোর প্রতি আহ্বান জানান । (ভোয়া: ৯,১০, রে. টুডে: ১৪)

বিশ্ব ব্যাংক বাংলাদেশকে সহজ শর্তে নতুন করে ঋণ দেয়ার পাশাপাশি বাংলাদেশের সাথে সম্পর্ক আরও শক্তিশালী ও সম্প্রসারিত করতে চায় বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। (রে. টুডে: ১৬)

স্থানীয় নির্বাচনে দলীয় প্রতীক ছাড়া ভোট গ্রহণ করা হলে আইনের কোনো ব্যত্যয় ঘটবে না বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মো. তাজুল ইসলাম। (ভোয়া: ৯, জাগো এফএম: ১৬)

মার্কিন পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র বেদান্ত প্যাটেল বলেছেন, বাংলাদেশের সরকার এবং সরকারের বাইরে বিভিন্ন পক্ষের সঙ্গে সম্পর্ক আরো গভীর করতে পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখবে যুক্তরাষ্ট্র। (রে. টুডে: ১৪)

জাতিসংঘের মহাসচিবের মুখপাত্র স্টিফেন ডুজারিক বলেছেন, বাংলাদেশের দ্বাদশ সংসদ নির্বাচন নিয়ে জাতিসংঘের অবস্থান আগের মতই রয়েছে। একই সঙ্গে নির্বাচনের পর জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার যা বলেছেন তাও অপরিবর্তিত রয়েছে। (রে. টুডে: ১৫)

পাঠ্যবইয়ে আলোচিত শরীফার গল্প নিয়ে বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা করা হবে, কোনো বিভ্রান্তি থাকলে পরিবর্তন হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। (ভোয়া: ৭, রে. টুডে: ১৬, জাগো এফএম: ২০)

জাতীয় শিক্ষাক্রমের এক পাঠ্যবইয়ে থাকা ট্রান্সজেন্ডার বিষয়ক অধ্যায় নিয়ে বেসরকারি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের একজন খণ্ডকালীন সাবেক শিক্ষক আসিফ মাহতাবের বক্তব্য নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে চলছে বিতর্ক ও আলোচনা। (বিবিসি: ৩)

যশোরের বেনাপোল সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বিএসএফের গুলিতে বিজিবির এক সদস্য নিহত হয়েছেন - বিজিবি সদস্য নিহত হওয়ার বিষয়টি একটি বিচ্ছিন্ন ঘটনা বলে মন্তব্য করেছেন নৌ পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। (বিবিসি: ৩, রে. টুডে: ১৫)

বিএনপি নেতা রিজভী বলেন, দলীয় সরকারের অধীনে কখনোই সুষ্ঠু নির্বাচন সম্ভব নয় - জনগণের ইচ্ছার কোনো কর্ণপাত না করে সরকার কিছু বিদেশি প্রভুকে খুশি করতেই ৭ জানুয়ারি নির্বাচন করেছে বলে মন্তব্য করেন তিনি। (রে. টুডে: ১৫)

সুশাসনের জন্য নাগরিক-সুজন এর তথ্য মতে, বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ীদের প্রায় ৮৯.৯৭ শতাংশ বা ২৬৯ জন কোটিপতি। একাদশ জাতীয় সংসদের তুলনায় কোটিপতি সংসদ সদস্য বেড়েছে ৭.৬৪ শতাংশ। (রে. তেহরান: ১৩)

নোবেল বিজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসকে হয়রানি ও মৌলিক অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে বলে অভিযোগ করেছেন তাঁর আইনজীবী ব্যারিস্টার আব্দুল্লাহ আল মামুন। নোবেল বিজয়ী অর্থনীতিবিদ অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে ক্রমাগত হয়রানি বন্ধ করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি আহ্বান জানিয়েছে যুক্তরাষ্ট্রের ১২ জন সিনেটর। (বিবিসি: ৬, রে. টুডে: ১৬)

# বিবিসি

## যশোর সীমান্তে বিএসএফ'র গুলিতে বিজিবি সদস্য নিহত

বাংলাদেশের যশোর সীমান্তে ভারতীয় সীমান্ত রক্ষা বাহিনী- বিএসএফ এর গুলিতে বাংলাদেশের সীমান্ত রক্ষা বাহিনী- বিজিবির এক সদস্য নিহত হয়েছে। বিজিবির যশোর ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল আহমেদ জামিল চৌধুরী এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ খবর নিশ্চিত করেছেন। সংবাদ মাধ্যমে পাঠানো তার সই করা এক বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ২২শে জানুয়ারি যশোর বিজিবির ধান্যখোলা বিওপি'র জেলেপাড়া পোস্ট এলাকায় এ ঘটনা ঘটে। নিহত বিজিবি সদস্যের নাম সিপাহী মোহাম্মদ রইশুদ্দীন। মি. চৌধুরী জানিয়েছেন, তার মরদেহ ফিরিয়ে আনার প্রক্রিয়া অব্যাহত রয়েছে। এদিকে বিজিবি সদস্য নিহত হওয়ার এ ঘটনাকে 'বিচ্ছিন্ন' বলে উল্লেখ করেছেন বাংলাদেশের নৌ পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। মঙ্গলবার ভারতীয় হাই কমিশনারের সাথে বৈঠকের পর সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, "এটা বিচ্ছিন্ন ঘটনা।"

বিজিবি সদস্য নিহত হওয়ার এ খবর বাংলাদেশি বিভিন্ন সংবাদমাধ্যমে আসলেও ভারতীয় সংবাদ মাধ্যমগুলোতে এই খবর তেমন একটা দেখা যায়নি। বাংলাদেশ ও ভারত প্রতিবেশী বন্ধু রাষ্ট্র হলেও দুই দেশের সীমান্তে হত্যার ঘটনা নতুন কিছু নয়। বিএসএফ এর হাতে বাংলাদেশিদের নিহত হওয়ার খবর মাঝে মাঝেই দেখা যায় সংবাদ মাধ্যমগুলোতে। তবে দুই দেশের বাহিনীর মধ্যে সংঘাতের ঘটনা খুব একটা ঘটে না। বিজিবি জানায়, সোমবার সকাল আনুমানিক সাড়ে পাঁচটার দিকে ভারত থেকে একদল গরু চোরাকারবারীকে সীমান্ত পার হতে দেখে তাদের একটি টহল দল। গরু চোরাকারবারীদের ধরতে গেলে তারা দৌড়ে ভারতের দিকে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। সেসময় সিপাহী মোহাম্মদ রইশুদ্দীন চোরাকারবারীদের ধাওয়া করতে গিয়ে ঘন কুয়াশার কারণে দল থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েন। প্রাথমিকভাবে তাকে খুঁজে পাওয়া যায়নি। কিন্তু পরে বিভিন্ন মাধ্যমে বিজিবি জানতে পারে যে, তিনি বিএসএফের গুলিতে আহত হয়েছেন এবং ভারতের একটি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এরপর বিজিবি ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে বিএসএফ এর সাথে বিষয়টি নিয়ে পতাকা বৈঠক করে। সে সময় জানা যায়, আহত মি. রইশুদ্দীন ভারতের হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। এ বিষয়ে সুষ্ঠু তদন্তের দাবি জানানো হয়েছে বিজিবির পক্ষ থেকে। এছাড়া কূটনৈতিকভাবে তীব্র প্রতিবাদ লিপিও পাঠানো হয়েছে বলে সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়। এতে বলা হয়, নিহত বিজিবি সদস্যের মরদেহ বাংলাদেশে ফিরিয়ে আনার জন্য সব পর্যায়ে যোগাযোগ অব্যাহত রয়েছে। এর আগে ২০১৯ সালের অক্টোবরে বাংলাদেশের রাজশাহী সীমান্তে বিজিবি ও বিএসএফ এর মধ্যে গোলাগুলি হয়েছিল। সেসময় বিজিবির গুলিতে একজন ভারতীয় সীমান্ত রক্ষী বাহিনীর সদস্য নিহত হয়েছিল।

রাজশাহীর চারঘাট উপজেলার বালুঘাট এলাকায় পদ্মা নদীতে ইলিশ মাছ ধরাকে কেন্দ্র করে এই গোলাগুলি হয়েছিল। সেসময় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান এই ঘটনাকে 'অনাকাঙ্ক্ষিত এক দুর্ঘটনা' বলে উল্লেখ করেছিলেন। বিবিসির সাথে এক সাক্ষাৎকারে তিনি তখন বলেছিলেন, ইলিশ নিষিদ্ধ মৌসুমে বাংলাদেশের জলসীমায় আটক করে রাখা এক জেলেকে বিএসএফ জোর করে ছাড়িয়ে নেয়ার চেষ্টা করছিল। কিন্তু বিজিবি এতে আপত্তি জানালে বিএসএফ তাড়াহুড়ো করে চলে যাওয়ার সময় গুলি ছোড়ে। এর জবাবে বিজিবিও গুলি ছোড়ে বলে মি. খান জানান। তবে বিএসএফের পক্ষ থেকে অবশ্য দাবি করা হয়েছিল যে, পতাকা বৈঠকের সময় বিজিবি বিএসএফকে লক্ষ্য করে গুলি চালিয়েছিল। যা অস্বীকার করেছিল বিজিবি। ভারতীয় সংবাদ মাধ্যমগুলোতে এ ঘটনা ব্যাপকভাবে স্থান করে নিয়েছিল সেসময়। সেখানে বিএসএফ-এর দেয়া ভাষ্যকে প্রাধান্য দেয়া হয়েছিল। যদিও একই সংবাদে তারা বিজিবির ভাষ্যও যুক্ত করেছিল। ওই খবরগুলোতে বিজিবি এবং বিএসএফ-এর পরস্পরবিরোধী দাবি উঠে এসেছিল। বিজিবি কর্মকর্তারা বিবিসি বাংলাকে সেসময় বলেছেন, প্রথমে বিএসএফ-এর তরফ থেকেই গুলি করা হয়, অন্যদিকে বিএসএফ বলছে তাদের জওয়ানরা গুলি করেনি। (বিবিসি ওয়েব পেজ : ২৩.১.২৪ রিহাব)

## বিশ্ববিদ্যালয় শিক্ষকের সমকামিতা ও ট্রান্সজেন্ডার বিষয়ক বক্তব্য নিয়ে বিতর্ক, যা জানা যাচ্ছে

জাতীয় শিক্ষাক্রমের এক পাঠ্যবইয়ে থাকা ট্রান্সজেন্ডার বিষয়ক অধ্যায় নিয়ে বেসরকারি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের একজন খণ্ডকালীন সাবেক শিক্ষক আসিফ মাহতাবের বক্তব্য নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে চলছে বিতর্ক ও আলোচনা। সম্প্রতি সামাজিক মাধ্যমে ভাইরাল হওয়া এক ভিডিওতে আসিফ মাহতাবকে ট্রান্সজেন্ডার এবং সমকামিতা বিরোধী বক্তব্য দিতে দেখা যায়। সেসময় তাকে সপ্তম শ্রেণির পাঠ্যবইয়ের এক অধ্যায়ে ট্রান্সজেন্ডার বিষয়ক একটি গল্পের পাতা ছিড়ে ফেলতেও দেখা যায়। বিতর্কের সূত্রপাত এর পরই।

ইতিমধ্যে, ব্র্যাক বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের খণ্ডকালীন প্রভাষক ওই শিক্ষকের সাথে চুক্তি বাতিল করেছে। তবে, বিবিসি বাংলাকে মি. মাহতাব বলেছেন, নিজের দেয়া বক্তব্যকে তিনি সঠিক বলে মনে করেন। আইনজীবীদের সাথে আলোচনার ভিত্তিতে তিনি মনে করেন, তিনি "আইনবিরোধী কোন বক্তব্য দেননি।" ভাইরাল হওয়া ভিডিওতে শিক্ষকদের একটি সমাবেশে আসিফ মাহতাবকে একটি মঞ্চে দাঁড়িয়ে মাইকে কথা বলতে দেখা যায়। তার পেছনে টাঙানো ব্যানার থেকে জানা যাচ্ছে, সেটি জাতীয় শিক্ষক ফোরামের 'জাতীয় সেমিনার ২০২৪' নামক একটি অনুষ্ঠান, যার বিষয়বস্তু লেখা ছিল "বর্তমান কারিকুলামে নতুন পাঠ্যপুস্তক: বাস্তবতা ও ভবিষ্যত"।

জাতীয় শিক্ষক ফোরাম মূলত ইসলামী আন্দোলন বাংলাদেশের একটি প্ল্যাটফর্ম। শুক্রবার ১৯শে জানুয়ারি ঢাকায় অনুষ্ঠিত ওই সেমিনারে প্রধান অতিথি হিসেবে দলটির আমীর সৈয়দ মুহাম্মদ রেজাউল করিমের নাম ব্যানারে লেখা ছিল। দশ মিনিট দীর্ঘ ভাইরাল ভিডিওতে আসিফ মাহতাবকে কয়েকবারই সমকামিতা এবং ট্রান্সজেন্ডার ইস্যু নিয়ে বক্তব্য দিতে দেখা যায়। 'মানুষ কীভাবে সমকামি হতে পারে' এবং 'একটা জাতি..একটা রাষ্ট্র কীভাবে সমকামি হতে পারে' এমন প্রশ্ন করতে দেখা যায় তাকে। 'পাঠ্যপুস্তকে ট্রান্সজেন্ডারের নামে ইসলাম নিষিদ্ধ সমকামিতাকে উৎসাহিত করার' অভিযোগ করতে দেখা যায় মি. মাহতাবকে। ভাইরাল ভিডিওর নয় মিনিট ১৩ সেকেন্ডের সময় তাকে একটি বই দেখিয়ে বলতে দেখা যায়, "এইটা পাবলিশড বই, ঘরে ঘরে আছে। যাদের সামর্থ আছে, তারা একটা কাজ করবেন - সেটা হচ্ছে বইয়ের দোকানে যাবেন। এই বইটা আমি ৮০ টাকা দিয়ে কিনছি। বইটা কিনবেন, কিনে এই যে দুইটা পাতা আছে 'শরীফ শরীফা', ছিড়বেন।" এই সময় তিনি নিজে হাতে থাকা বইটির দুইটি পাতা ছিড়ে দেখান। এরপর তিনি আবার বলেন, "ছিড়ার পরে আপনারা বইটা আবার দোকানদারকে দিয়ে দেবেন। দিয়ে বলবেন এটা অর্ধেক দামে বেঁচো। এতে মানুষের অ্যাওয়ারনেস হবে। অভিভাবকেরা এখন জানেন না, জানবেন।"

এক পর্যায়ে তিনি অভিযোগ করেন, "আমাদের দেশে সমকামিতা অবৈধ। কিন্তু এই গল্পের মাধ্যমে সমকামিতাকে বৈধ করা হচ্ছে।" মি. মাহতাব যে 'শরীফ-শরীফা'র গল্পের উল্লেখ করেছেন, সেটি জাতীয় শিক্ষাক্রমের সপ্তম শ্রেণির ইতিহাস ও সামাজিক বিজ্ঞান পাঠ্যবইয়ের একটি গল্প। এতে হিজড়া জনগোষ্ঠীর সদস্য শরীফা নামে একজনের পরিচয় সম্পর্কে বলা হয়েছে। এই গল্পে সমকামিতা প্রসঙ্গের কোনো উল্লেখ নেই। অল্প সময়ের মধ্যেই সামাজিক মাধ্যমে ভিডিওটি ভাইরাল হয়ে যায়, এবং নেটিজেনদের মধ্যে দুইটি ভাগ দেখা যায়। এক পক্ষ সমকামিতা ও ট্রান্সজেন্ডার নিয়ে বিদ্বেষপ্রসূত বক্তব্য দেয়ার অভিযোগ করে মি. মাহতাবের সমালোচনা করেন। আরেক পক্ষ মি. মাহতাবকে সমর্থন করে বক্তব্য দিতে থাকেন। মি. মাহতাব যে সেমিনারে বক্তব্য দিয়েছিলেন, সেটি শুক্রবারে অনুষ্ঠিত হলেও, মূলত তিনদিন আগে থেকে বিষয়টি নিয়ে আলোচনা শুরু হয়। ওইদিন মি. মাহতাবও নিজের ফেসবুক পেজে সেটি স্ট্যাটাস হিসেবে পোষ্ট করেন এবং এরপর একের পর এক স্ট্যাটাস দিতে থাকেন। এসব পোষ্টে বিভিন্ন সময় তাকে 'নিজের অবস্থানে অনড়' থাকার আশ্বাস দিতে দেখা গেছে। ফেসবুকেই তাকে ব্র্যাক কর্তৃপক্ষ 'চাকুরীচ্যুত' করেছে বলে তিনি অভিযোগ করেন।

এদিকে, এই বিতর্কের মধ্যে ২২শে জানুয়ারি ব্র্যাক বিশ্ববিদ্যালয় আসিফ মাহতাবের সাথে থাকা চুক্তি নবায়ন না করার সিদ্ধান্ত নেয়। ব্র্যাক বিশ্ববিদ্যালয় সোমবার নিশ্চিত করেছে, মি. মাহতাবের সাথে এই মুহূর্তে বিশ্ববিদ্যালয়টির কোন চুক্তি কার্যকর নেই। তবে সংবাদমাধ্যমে পাঠানো বিবৃতির বাইরে আলাদা মন্তব্য করতে রাজি হননি বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তারা। সংবাদমাধ্যমে ২২শে জানুয়ারি পাঠানো বিশ্ববিদ্যালয়ের বিবৃতিতে বলা হয়, “আসিফ মাহতাব উৎস ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে খণ্ডকালীন শিক্ষক হিসেবে কাজ করেছেন। বর্তমানে তার সাথে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের কোনো চুক্তি নেই।" বিবৃতিতে উল্লেখ করা হয়েছে, "ব্র্যাক ইউনিভার্সিটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী-কর্মীদের জন্য একটি নিরাপদ পরিবেশ বজায় রাখার পাশাপাশি, অন্তর্ভুক্তি এবং সহিষ্ণুতা বজায় রাখতে দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ।” তবে, এর আগের দিন মি. মাহতাব নিজের সামাজিক মাধ্যমে স্ট্যাটাস দিয়ে জানিয়েছিলেন, ২১শে জানুয়ারি রাতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের তরফ থেকে তাকে টেলিফোনে পরদিন থেকে না আসার জন্য বলা হয়েছিল, যাকে তিনি 'চাকুরীচ্যুত' করা বলে বর্ণনা করেন। আসিফ মাহতাব ২০২৩ সালের সেপ্টেম্বরে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে অ্যাডজাঙ্কট ফ্যাকাল্টি হিসেবে যোগ দেন। একই বছরের ডিসেম্বর পর্যন্ত সেমেস্টারে তিনি খণ্ডকালীন শিক্ষক হিসেবে ওই নিয়োগ পেয়েছিলেন বলে জানিয়েছে কর্তৃপক্ষ। এদিকে, মঙ্গলবার ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষার্থী মি. মাহতাবকে চাকরিতে পুনর্বহালের দাবিতে ঢাকার মেরুল বাড্ডা ক্যাম্পাসের সামনে মানববন্ধন করে। এ সময় তারা নিজেদের 'সমকামি-বিরোধী' পরিচয় দেয়া ব্যানার ও ফেষ্টুন বহন করছিল, এবং জাতীয় শিক্ষাক্রমকে বিতর্কিত বলে বাতিলের দাবি জানায় তারা। বিবিসি বাংলাকে মি. মাহতাব বলেছেন, নিজের দেয়া বক্তব্যকে তিনি সঠিক বলে মনে করেন। নিজের আইনজীবী টিমের সাথে আলাপের কথা উল্লেখ করে তিনি বলছেন, তিনি "আইনবিরোধী কোনো বক্তব্য দেননি।" তিনি বলেন, “ট্রান্সজেন্ডার মতবাদে আমাদের যুব সমাজকে যাতে ব্রেইনওয়াশ করা না হয়, তাদের জীবন যাতে ধ্বংস করা না হয় - তাদের প্রটেকশনের জন্যই এ বক্তব্য দিয়েছি।” কিন্তু আনুষ্ঠানিক কোনো সভায় জাতীয় পাঠ্যপুস্তকের পাতা ছিঁড়ে ফেলাকে সঠিক কাজ বলে মনে করেন কী-না বিবিসি বাংলার এমন প্রশ্নের জবাবে মি. মাহতাব বলেন, “আমি আমার ল'ইয়ারের সাথে কথা বলেছি, ল'ইয়ার টিমে যারা আছেন তারা বলছেন এখানে কোনো ল ব্রেক হয়নি। এ রকম প্রতিবাদের অনেক প্রিসিডেন্স আছে। সারা বিশ্ব জুড়েই প্রতিবাদের ভাষা হিসেবে পতাকা ছিঁড়ে ফেলার ঘটনাও আছে। আমি দুইটা পাতা ছিঁড়ে প্রতিবাদ করতেই পারি, আমার ল'ইয়ার টিমের ভাষ্য অনুযায়ী এখানে কোনো আইন ভঙ্গ করা হয়নি।” বিতর্কের কেন্দ্র হয়ে ওঠা পাঠ্যপুস্তকের গল্পটি নিয়ে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড বা এনসিটিবি বলছে, পাঠ্যক্রমের যেকোনো বিষয়বস্তু বা শিক্ষাসূচী প্রয়োজনীয় গবেষণা এবং বারংবার পর্যালোচনার পরই ছাপানো হয়। এনসিটিবির চেয়ারম্যান অধ্যাপক ফরহাদুল ইসলাম বিবিসি বাংলাকে বলেছেন, “সরকার ট্রান্সজেন্ডারকে স্বীকৃতি দিয়েছে, তারা সমাজেরই একটা অংশ। এ বিষয়ে বই রিভিউয়ের সময় ইনক্লুশন স্পেশালিষ্ট, জেন্ডার স্পেশালিস্ট ছিলেন। তিনবার বইটি রিভিউ হয়েছে। তারা সবকিছু দেখে বিশ্লেষণ করে দিয়েছেন। বইতে যা দেয়া হয়েছে, তা সময়ের প্রয়োজন”

বলেন অধ্যাপক ইসলাম। পাঠ্যপুস্তকের পাতা ছিঁড়ে ফেলা নিয়ে তিনি বলেন, "এ নিয়ে কে কী করেছে, তা নিয়ে আমার কোনো মন্তব্য নেই, এটা সরকার দেখবে।" এদিকে, পাঠ্যপুস্তকের পাতা ছিঁড়ে ফেলাকে আইন বিরুদ্ধ আচরণ বলে মনে করেন বিশ্লেষকেরা। জেন্ডার বিশেষজ্ঞ এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের শিক্ষক নাসরীন সুলতানা বিবিসি বাংলাকে বলেছেন, "পাঠ্যপুস্তকের পাতা ছিঁড়ে ফেলার ঘটনা গর্হিত অপরাধ। কোনো বিষয়ে অভিযোগ বা অসঙ্গতি দেখলে তিনি কারিকুলাম বোর্ডে চিঠি লিখে জানাতে পারতেন। সেটা না করে (বইয়ের) পাতা ছিঁড়ে ফেলার ঘটনা খুবই অবমাননাকর, এটা খারাপ দৃষ্টান্ত হয়ে থাকবে," বলে মন্তব্য করেন সহযোগী অধ্যাপক সুলতানা।
(বিবিসি ওয়েব পেজ :২৩.১.২৪ রিহাব)

## এক সপ্তাহ পরে সংসদের অধিবেশন, কে হচ্ছে বিরোধী দল?

বাংলাদেশের বিএনপি বিহীন সর্বশেষ সংসদ নির্বাচনের থেকেই সংসদে বিরোধী দল কে হবে, এ নিয়ে নানা আলোচনা রয়েছে। বিএনপি বিহীন ওই নির্বাচনে আওয়ামী লীগ দুই শতাধিক আসন পেলেও আগের সংসদের বিরোধী দল জাতীয় পার্টি পেয়েছে মাত্র ১১টি আসন। যেখানে স্বতন্ত্ররা মিলে পেয়েছেন ৬২ আসন। ফলে সংসদে বিরোধী দলের আসনে কে বসতে যাচ্ছে, তা এখনো পরিষ্কার হয়নি। তবে আসন সংখ্যা যাই হোক, বিগত দুটি সংসদের মতো দ্বাদশ সংসদে তাদেরকে বিরোধীদল করার স্পষ্ট ইঙ্গিত দিয়েছে ক্ষমতাসীন আওয়ামী লীগ। দলটির সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের সোমবার বলেছেন, স্বতন্ত্রদের আসন যতই থাকুক, দল হিসেবে জাতীয় পার্টির আসন বেশি থাকায় তারাই হবেন বিরোধী দল। জাতীয় পার্টির মহাসচিব মুজিবুল হক চুন্নু বিবিসি বাংলাকে বলেন, "আমরা বিরোধী দলে যাওয়ার সিদ্ধান্ত চূড়ান্ত করেছি, আসন কম হওয়ায় তাকিয়ে আছি স্পিকারের সিদ্ধান্তের ওপর"। আগামী ৩০ জানুয়ারি দ্বাদশ সংসদের প্রথম অধিবেশনেই চূড়ান্ত হবে বিষয়টি।

তবে, আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ইঙ্গিত দেয়ার পর স্বতন্ত্রদের মোর্চা গঠন করে বিরোধী দল হওয়ার যে আলোচনা তৈরি হয়েছিলো তা গুরুত্ব হারিয়েছে। যদিও নতুন নির্বাচিত স্বতন্ত্র সংসদ সদস্যদের কেউ কেউ মনে করেন সময় এখনো ফুরিয়ে যায়নি। সংসদে বিরোধী দল বা বিরোধী দলের নেতা নির্বাচনের বিষয়ে সংবিধানে স্পষ্ট কিছু বলা নেই। কেবল সংসদের কার্যপ্রণালী বিধিতে 'বিরোধী দলীয় নেতা' উল্লেখ আছে। এতে বলা হয়েছে, 'বিরোধী দলের নেতা' অর্থ স্পিকারের বিবেচনা মতে যে সদস্য সংসদে সরকারি দলের বিরোধিতা কারী সর্বোচ্চসংখ্যক সদস্য লইয়া গঠিত ক্ষেত্রমত্রে দল বা অধিসংঘের নেতা। জাতীয় পার্টির মহাসচিব মুজিবুল হক চুন্নু বিবিসি বাংলাকে বলেন, "কার্যবিধি অনুযায়ী বিরোধী দলের স্বীকৃতি দেওয়া স্পিকারের ওপর নির্ভর করে। তিনি স্বীকৃতি দিলে বিরোধী দলীয় নেতা উপনেতা সংসদ থেকে এক ধরনের সুযোগ সুবিধা পাবে। স্বীকৃতি না দিলে সুযোগ সুবিধা পাবে না"। "সুযোগ সুবিধা না পেলেও আমাদের ভূমিকা বিরোধী দল হিসেবেই থাকবে", জানান মি. চুন্নু। রাজনৈতিক বিশ্লেষক রাশেদা রওনক খান বিবিসি বাংলাকে বলেন, বিরোধীদল হতে সংখ্যা গুরুত্বপূর্ণ না। সংসদে বিরোধী দল থাকবে সরকারের সমানে সমান। তারা গঠনমূলক বিরোধিতা করবে। তার জন্য আসলে শক্তি সামর্থ্য বা রাজনৈতিক দূরদর্শিতা প্রয়োজন। ১৯৮৮ সালের চতুর্থ সংসদ নির্বাচনে জাসদ রবের বিরোধীদল নির্বাচিত হওয়ার উদাহরণ টেনে রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমেদ বিবিসি বাংলাকে বলেন, ন্যায্যভাবে ১১ জনে বিরোধী দল হয় না, সেক্ষেত্রে অন্যান্যদের সমর্থন নিয়ে বিরোধী দল হতে পারে"। ২০১৪ সালে বাংলাদেশের বিতর্কিত একটি নির্বাচনের মাধ্যম যখন সরকার গঠন করেছিলো আওয়ামী লীগ, তখন ৩৪ আসন নিয়ে বিরোধীদলে বসেছিলো হুসেইন মুহম্মদ এরশাদের জাতীয় পার্টি। এরপর ২০১৮ সালে ২২টি আর এবার ঠিক তার অর্ধেক আসন নিয়ে নিয়ে বিরোধীদলে বসতে সরকারের দিকে তাকিয়ে আছে দলটি।

এই ১১ জনই নিয়েই কি হবে বিরোধী দল? জাতীয় পার্টির মহাসচিব মুজিবুল হক চুন্নু বিবিসি বাংলাকে বলেন, "আমরা বিরোধী দল হওয়া হওয়ার জন্য আমাদের দলের সিদ্ধান্ত স্পিকারকে জানিয়েছি। এখন তার সিদ্ধান্তের অপেক্ষায় আছি"। গত বৃহস্পতিবার জাতীয় সংসদে বিরোধীদলীয় উপনেতার কার্যালয়ে এ নিয়ে বৈঠকে বসে জাতীয় পার্টি। বৈঠকে দলের চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদেরকে বিরোধীদলীয় নেতা, আনিসুল ইসলাম মাহমুদকে উপনেতা এবং মুজিবুল হক চুন্নুকে বিরোধীদলীয় চিফ হুইপ হিসেবে প্রস্তাব করা হয়। মুজিবুল হক চুন্নু বিবিসি বাংলাকে বলেন, "ভারতের লোকসভার বিধানে আছে বিরোধী দল হতে ৩০ শতাংশ আসন লাগে। আমাদের পার্লামেন্টে এমন কিছু উল্লেখ নাই। যেহেতু লেখা নাই, সেহেতু স্পিকার ১১ জন হলেও দিতে পারেন, ৪০ জন হলেও দিতে পারেন"। তিনি বলেন, "গত টার্মেও আমরা বিরোধীদলের দায়িত্ব পালন করেছি। আমাদের দু'একজন সদস্যের কথা-বার্তায় দলের মধ্যেও আপত্তি ছিল। আমরা অতীতে যেভাবে বিরোধী দলের ভূমিকা পালনের চেষ্টা করেছি, ভবিষ্যতেও সেভাবে পালন করব।" কার্যবিধি অনুযায়ী বিরোধী দলের স্বীকৃতি দেওয়া স্পিকারের ওপর নির্ভর করে। তিনি স্বীকৃতি দিলে বিরোধীদলীয় নেতা উপনেতা সংসদ থেকে এক ধরনের সুযোগ-সুবিধা পাবে। স্বীকৃতি না দিলে সুযোগ-সুবিধা পাবে না" বলেন মি. চুন্নু।

রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদ বলছেন, "সরকারের নিজেদের জন্য জাতীয় পার্টির মতো গৃহপালিত বিরোধী দল প্রয়োজন। সুতারং, আসন যাই হোক, জাতীয় পার্টিকে বিরোধী দল হিসেবে ছাড়বে না সরকার"। সাতই জানুয়ারি অনুষ্ঠিত দ্বাদশ নির্বাচনে ২৯৯টি আসনের মধ্যে ২২৩টিতে জিতেছে আওয়ামী লীগ। যার বিপরীতে জাতীয় পার্টির আসন মাত্র ১১টি। কিন্তু দলগত হিসাব বাদে স্বতন্ত্র প্রার্থীরা জিতেছে ৬২টি আসনে। বিরোধী দল নিয়ে এমন এক সংকট তৈরি

হয়েছিল স্বাধীন বাংলাদেশের প্রথম নির্বাচনে। ১৯৭৩ সালে অনুষ্ঠিত ঐ নির্বাচনে শেখ মুজিবুর রহমানের নেতৃত্বাধীন আওয়ামী লীগ ৩০০ আসনের মধ্যে ২৯৩টিতেই জিতেছিল। তখন বিরোধী দল ও স্বতন্ত্ররা পেয়েছিল মাত্র সাতটি আসন পায়।

রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদ বিবিসি বাংলাকে বলেন, "যেহেতু বিরোধী দল গঠন নিয়ে সংবিধান কিংবা আইনে স্পষ্ট কোনো ব্যাখ্যা নেই, সেহেতু বিরোধী দল নিয়ে স্বতন্ত্রদের কারো কারো মধ্যে এক ধরনের আগ্রহও রয়েছে। স্বতন্ত্র যারা নির্বাচিত হয়েছেন তারা অনেকে আওয়ামী লীগে আসতে চান, কেউ কেউ বিরোধী দলেও থাকতে চান। সংসদ নেতা শেখ হাসিনার কাকে আওয়ামী লীগে রাখবেন আর কাকে তিনি বিরোধী দল হিসেবে রাখবেন সেটা একান্ত তার বিষয়", বলছিলেন মি. আহমদ।

সৈয়দ সায়েদুল হক হবিগঞ্জ-৪ আসন থেকে স্বতন্ত্রভাবে নির্বাচিত হয়েছে। যদিও তিনি আওয়ামী লীগের রাজনীতির সাথেও যুক্ত। এই সংসদে স্বতন্ত্রদের মোর্চা গঠন করে বিরোধী দল হওয়ার সম্ভাবনা বা সুযোগ নিয়ে তিনি বিবিসি বাংলাকে বলেন, "আমাদের মধ্যে এ ধরনের কোনো আলাপ-আলোচনা এখনো হয়নি। তবে বিরোধী দল হতে আইনে কোনো বাঁধা নাই। যদি আমরা চাই তাহলে মোর্চা করা যাবে। আমরা প্রথম অধিবেশন পর্যন্ত অপেক্ষা করব। তারপর হয়ত সবাই মিলে সিদ্ধান্ত নেব দেশের মঙ্গলের জন্য কোনটা ভালো হবে," বলছিলেন মি. হক। দ্বাদশ সংসদে নির্বাচিত ৬২ জন স্বতন্ত্র সংসদ সদস্যের মধ্যে ৫৯ জনই আওয়ামী লীগের রাজনীতির সাথে যুক্ত। যাদের মধ্যে দলীয় পদ-পদবী রয়েছে ৫৭ জনের। জাতীয় পার্টির মহাসচিব মুজিবুল হক চুন্নু বিবিসিকে বলেন, "যারা সরকারি দলের পদ-পদবীতে আছে, তারা কীভাবে বিরোধীদল হবে? স্বতন্ত্ররা বিরোধী দল হলে সেটা জনগণের কাছে গ্রহণযোগ্য হবে না।" দ্বাদশ নির্বাচনের পর থেকেই বিরোধী দল ইস্যুতে নানা আলোচনা হলেও এতদিন আওয়ামী লীগের পক্ষ থেকে আনুষ্ঠানিক কোনো বক্তব্য পাওয়া যায়নি। সোমবার আওয়ামী লীগের এক সংবাদ সম্মেলনে দলটির সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এ নিয়ে দলের অবস্থান কিছুটা স্পষ্ট করেন। তিনি বলেন, "নির্বাচনে দ্বিতীয় সর্বোচ্চ আসন পাওয়া রাজনৈতিক দলই হবে প্রধান বিরোধীদল। স্বতন্ত্ররা স্বতন্ত্রই আছেন। দল যদি বলেন, তাহলে জাতীয় পার্টি।" আগামী ৩০ জানুয়ারি বসবে জাতীয় সংসদের প্রথম অধিবেশন। তার আগে বিরোধী দলের ইস্যু পুরোপুরি সমাধান হবে কি না, তা এখনো পরিষ্কার নয়। (বিবিসি ওয়েব পেজ : ২৩.১.২৪ রিহাব)

## মুহাম্মদ ইউনূসকে হয়রানি বন্ধে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে যুক্তরাষ্ট্রের ১২ সেনেটরের চিঠি

নোবেল বিজয়ী অর্থনীতিবিদ অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে ক্রমাগত হয়রানি বন্ধ করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি আহ্বান জানিয়েছে যুক্তরাষ্ট্রের ১২জন সেনেটর। দেশটির ইলিনয় রাজ্যের সেনেটর রিচার্ড জে. ডারবিন ও ইন্ডিয়ানার সেনেটর টড ইয়ংসহ সেনেটের ১২জন সদস্য স্বাক্ষরিত এক চিঠিতে এই আহ্বান জানানো হয়, যেটির ওপরে তারিখ লিখা আছে ২২ই জানুয়ারি। প্রধানমন্ত্রীর দপ্তরে পাঠানো সেনেটরদের ওই চিঠিতে বলা হয়, "নোবেল শান্তি পুরস্কার বিজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে ক্রমাগত হেনস্তা এবং আরো বিস্তৃতভাবে আইন এবং বিচার ব্যবস্থার অপব্যবহারের মাধ্যমে যেভাবে সরকারের সমালোচকদের টার্গেট করা হচ্ছে তা বন্ধ করার আহ্বান জানাতে আপনার (প্রধানমন্ত্রী শেখ হাসিনা) কাছে এই চিঠি লেখা হচ্ছে।"

গত পহেলা জানুয়ারি অধ্যাপক মুহাম্মদ ইউনূসসহ চার জন আসামির বিরুদ্ধে শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে একটি ধারায় ছয় মাসের কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা জরিমানা করে রায় দেয়া হয়। একই সাথে আরেকটি ধারায় ২৫ হাজার টাকা জরিমানা বা অনাদায়ে আরো ১৫ দিনের সাজা দেয়া হয়। শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান অধ্যাপক মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে ২০২১ সালের ৯ই সেপ্টেম্বর মামলাটি করেছিল কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। সাজা ঘোষণার সাথে সাথে আসামি পক্ষের আইনজীবীরা জামিন আবেদন করেন। যার কারণে কারাগারে যেতে হয়নি মি. ইউনূসকে। ওই রায়ের পর প্রতিক্রিয়ায় আদালতে সাংবাদিকদের মি. ইউনূস বলেছিলেন, "যে দোষ আমরা করি নাই, সেই দোষের ওপরে শাস্তি পেলাম। এটা আমাদের কপালে ছিল, জাতির কপালে ছিল, আমরা সেটা বহন করলাম।" এই মামলা ছাড়াও অধ্যাপক মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে আরো একাধিক মামলা রয়েছে।

২০২৩ সালের ২৮শে অগাস্ট অধ্যাপক মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে ১৮টি মামলা করা হয়। এই মামলা দায়েরের পর সাবেক মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা এবং হিলারি ক্লিনটনসহ বিশ্বের ১৬০জন ব্যক্তি ও নেতা মি. ইউনূসের পক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে একটি খোলা চিঠি দেন। যারা এই বিবৃতি দিয়েছেন তাদের মধ্যে একশো'র বেশি নোবেল বিজয়ী রয়েছেন। এই বিবৃতিতে, মি. ইউনূসের বিরুদ্ধে মামলার কার্যক্রম স্থগিত করার আহ্বান জানানো হয়েছিল। একই সাথে তার বিরুদ্ধে মামলায় যেসব অভিযোগ আনা হয়েছে সেগুলো বাংলাদেশের ভেতরে নিরপেক্ষ বিচারক ও দেশের বাইরের আইন বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত প্যানেলের মাধ্যমে পর্যালোচনার আহ্বান জানানো হয়েছিল। এছাড়া ২০২৩ সালের মে মাসে বিশ্বের ৪০ জন রাজনীতিবিদ, কূটনীতিক, ব্যবসায়ী ও বিভিন্ন শ্রেণি পেশার মানুষ প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে একই ধরনের খোলা চিঠি লিখেছিলেন।

অধ্যাপক ইউনূসের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনের দায়ের করা একটি মামলাও রয়েছে । এই মামলাকে 'হয়রানিমূলক' বলে উল্লেখ করেন তার পক্ষের আইনজীবীরা। অধ্যাপক ইউনূস হলেন পৃথিবীতে সাতজন ব্যক্তির মধ্যে অন্যতম যিনি নোবেল, ইউএস কংগ্রেসনাল গোল্ড মেডেল এবং ইউএস প্রেসিডেন্সিয়াল মেডেল অব ফ্রিডম পেয়েছেন। গত ২২শে

জানুয়ারি যুক্তরাষ্ট্রের সেনেটরদের পাঠানো চিঠিতে বলা হয়, বাংলাদেশে গত এক দশকের বেশি সময় ধরে অধ্যাপক ইউনূসের বিরুদ্ধে ১৫০টির বেশি নথি-প্রমাণহীন মামলা করা হয়েছে। "জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাই কমিশনার ভলকার টুর্ক এবং মানবাধিকার সংস্থা অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এরইমধ্যে তার বিরুদ্ধে চলা কার্যক্রমে অনিয়মের বিষয়টি চিহ্নিত করেছে।" এর মধ্যে অতি সম্প্রতি তার বিরুদ্ধে দেশের শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে ছয় মাসের যে কারাদণ্ড দেয়া হয়েছে সেটিও রয়েছে। বর্তমানে এই রায়ের বিরুদ্ধে আপিল করা হয়েছে।
চিঠিতে বলা হয়, এই স্বনামধন্য প্রতিষ্ঠানগুলো বলছে, মামলার গতি এবং বার বার ফৌজদারি আইনের ধারা ব্যবহারের বিষয়গুলো ইঙ্গিত করে যে রাজনৈতিক উদ্দেশ্যে বিচারব্যবস্থার অপব্যবহার করা হচ্ছে। "এছাড়া, মি. ইউনূসের বিরুদ্ধে বারবার এবং ধারাবাহিকভাবে হয়রানির বিষয়টি প্রতিফলিত করে যে, বাংলাদেশের সুশীল সমাজের অনেক সদস্য ক্রমবর্ধমান কঠোর পরিস্থিতিতে একই অবস্থার মুখে পড়েন।" এতে বলা হয়, ক্ষুদ্রঋণের ক্ষেত্রে মি. ইউনূসের অগ্রণী কর্মকাণ্ড বাংলাদেশসহ বিশ্বের কোটি কোটি দরিদ্র মানুষের জন্য অর্থনৈতিক বৃহত্তর অর্থনৈতিক প্রতিশ্রুতির সুযোগ করে দিয়েছে। ২০১৩ সালে যুক্তরাষ্ট্রের কংগ্রেস তাকে কংগ্রেশনাল গোল্ড মেডেল পুরস্কার দেয়। বৈশ্বিক দারিদ্র্য প্রতিরোধে ভূমিকার জন্য এই পুরস্কার দেয়া হয়। "চলমান রাজনৈতিক প্রতিহিংসার কারণে এ ধরনের অবদান ক্ষুণ্ণ করা উচিত নয় বিশেষ করে একটি গণতান্ত্রিক দেশে," চিঠিতে বলা হয়। এতে আরো বলা হয়, "ঘনিষ্ঠ দ্বিপক্ষীয় ও বহুপাক্ষিক বিভিন্ন বিষয়ে সমন্বয়সহ বাংলাদেশের সাথে দীর্ঘদিনের সম্পর্কের মূল্যায়ন করে যুক্তরাষ্ট্র। অধ্যাপক ইউনূসের হয়রানি বন্ধ এবং অন্যান্য ব্যক্তিদের তাদের মুক্ত মতের চর্চার মাধ্যমে সরকারের সমালোচনা করার সুযোগ নিশ্চিত করলে তা এই গুরুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখতে সহায়তা করবে।" (বিবিসি ওয়েব পেজ : ২৩.১.২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### রোহিঙ্গাদের সহায়তায় বাংলাদেশকে অনুদান ও ঋণ দেবে বিশ্বব্যাংক : হাছান মাহমুদ

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন রোহিঙ্গা ও তাদের আশ্রয় প্রদানকারী স্থানীয় জনগোষ্ঠীর জন্য ৭০ কোটি ডলার অনুদান ও সহজ শর্তে ঋণ দিতে আগ্রহ প্রকাশ করেছে বিশ্বব্যাংক। মঙ্গলবার (২৩ জানুয়ারি) বাংলাদেশ ও ভুটানে বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর আব্দুলায়ে সেকের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের এ কথা জানান হাছান মাহমুদ। বিশ্বব্যাংক বিদ্যমান সম্পর্ক জোরদার ও সম্প্রসারণের মাধ্যমে বাংলাদেশের সঙ্গে সম্পর্ক বাড়াতে আগ্রহী বলেও জানান তিনি। পররাষ্ট্রমন্ত্রী জানান, ৭০ কোটি ডলারের মধ্যে, রোহিঙ্গাদের জন্য ৩১ কোটি ৫০ লাখ ডলার এবং বৃহত্তর স্থানীয় জনগোষ্ঠীর জন্য ৩৮ কোটি ৫০ লাখ ডলার সহজ শর্তে ঋণ দেবে। বিশ্বব্যাংক এই মুহূর্তে বাংলাদেশের ৫৬টি প্রকল্পে ১,৫০০ কোটি ডলার বিনিয়োগ করেছে বলে জানান হাছান মাহমুদ। সাক্ষাৎকালে, আব্দুলায়ে সেক বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব পাওয়ায়, হাছান মাহমুদকে অভিনন্দন জানান। বাংলাদেশের মানুষের জীবনমান উন্নয়নে, বিশেষ করে পরিবেশ ও স্বাস্থ্য খাতে সহায়তা করার জন্য, বিশ্বব্যাংকের প্রতি অনুরোধ জানান পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। তারা বাংলাদেশে রোহিঙ্গা মানবিক সংকট মোকাবেলায় কীভাবে সহায়তা বাড়ানো যায়, তা নিয়ে আলোচনা করেন। রোহিঙ্গাদের নিরাপদ, স্বেচ্ছা ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনে মিয়ানমার সরকারের সঙ্গে সম্পৃক্ত হতে, বিশ্বব্যাংকের প্রতি অনুরোধ জানান বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। (ভোয়া ওয়েব পেজ : ২৪.০১.২০২৪ এলিনা)

### পাঠ্যবইয়ে শরীফার গল্প নিয়ে বিভ্রান্তি থাকলে সংশোধন হবে : শিক্ষামন্ত্রী

পাঠ্যবইয়ে 'শরীফার গল্প' নিয়ে কোনো বিভ্রান্তি থাকলে তা সংশোধন করা হবে বলে জানিয়েছেন বাংলাদেশের শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল। মঙ্গলবার (২৩ জানুয়ারি) দুপুরে, নিজ দপ্তরে ঢাকায় নিযুক্ত ফ্রান্সের রাষ্ট্রদূত ম্যারি মাসদুপুইয়ের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। শিক্ষামন্ত্রী নওফেল বলেন, পাঠ্যবইয়ে আলোচিত শরীফার গল্প নিয়ে বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা করা হবে, কোনো বিভ্রান্তি থাকলে পরিবর্তন করা হবে। "শরীফার গল্পটি নিয়ে গতবারও বিতর্ক উঠেছিলো, এবার শিক্ষার্থীরা আন্দোলন করছেন;" জানান শিক্ষামন্ত্রী। তিনি বলেন, এ বিষয়ে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে (এনসিটিবি) যারা সহকর্মী আছেন, তাদের সঙ্গে আলোচনা করা হবে। শিক্ষামন্ত্রী আরো বলেন, "যদি একটি গল্প নিয়ে প্রতিক্রিয়া হয়, কেন হচ্ছে, তা খতিয়ে দেখতে হবে। আমাদের দেশে একটি গোষ্ঠীর ধর্ম ব্যবহার করে অরাজকতা ও অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টির প্রবণতা আছে। গত বছরও ছিল।" তিনি আরো বলেন, "একটি সংগঠন থেকে কিছুদিন আগে আমার কাছে কিছু সুপারিশ দেয়া হয়েছিল, কওমি মাদরাসার কিছু শিক্ষক এসেছিলেন আমার কাছে।" নওফেল জানান, "তারা দাবি করেছেন যে এখানে ট্রান্সজেন্ডার শব্দটা ব্যবহার করা হয়েছে। বিভ্রান্তি সৃষ্টির বিষয়টি তারা আমাদের নজরে এনেছিলেন। আমরা যখন আলোচনা করেছি তখন দেখেছি শব্দটা ট্রান্সজেন্ডার নয়, থার্ড জেন্ডার।" "এটা তো আইনত স্বীকৃত, সমাজে যারা হিজড়া নামে পরিচিত তাদের তৃতীয় লিঙ্গ বলা হয়। তারা দেশের নাগরিক। তাদের নাগরিক অধিকার রয়েছে। তবে গল্প উপস্থাপনার ক্ষেত্রে যদি বিভ্রান্তি এবং বিতর্ক সৃষ্টির প্রয়াস থাকে, তাহলে এ গল্পের উপস্থাপন পরিবর্তন করা যায় কি না, এ নিয়ে বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা করব," জানান শিক্ষামন্ত্রী। তিনি আরো বলেন, তাদের প্রতি সম্মান রেখে উপস্থাপনের ক্ষেত্রে যদি ভিন্ন কোনো সুযোগ থাকে তাহলে সে বিষয়ে বিশেষজ্ঞরা মতামত দেবেন। এটা যেহেতু বিশেষায়িত বিষয়। পলিসি লেভেল এ বিষয়ে মন্তব্য করা উচিৎ নয়। ব্র্যাকের বিতর্ক প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের

জবাবে শিক্ষামন্ত্রী নওফেল বলেন, "বিষয়টি নিয়ে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আলোচনা করব। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মাধ্যমে ঘটনাটি জেনে তারপর আলোচনা করা হবে।" (ভোয়া ওয়েব পেজ : ২৪.০১.২০২৪ এলিনা)

## বিএনপি বর্তমান সরকারের অধীনে উপজেলা নির্বাচনে অংশ নেবে না : রিজভী

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি জানিয়েছে যে, বর্তমান সরকারের অধীনে আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে অংশ নেবে না তারা। মঙ্গলবার (২৩ জানুয়ারি) দুপুরে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী এ কথা জানান। রিজভী বলেন, "আমরা সব সময় বলে আসছি, শেখ হাসিনার অধীনে কোনো নির্বাচন কখনোই শান্তিপূর্ণ, বিশ্বাসযোগ্য ও সুষ্ঠু হবে না।" তিনি আরো জানান "তাই তার অধীনে কোনো নির্বাচনে না যাওয়ার সিদ্ধান্ত নিয়েছিলো বিএনপি। বিএনপি এখনো সেই সিদ্ধান্তে অটল রয়েছে।" এর আগে, সোমবার (২২ জানুয়ারি) আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের জরুরি সভায় সিটি করপোরেশন, পৌরসভা ও উপজেলা পরিষদ নির্বাচনসহ স্থানীয় সরকার নির্বাচনে দলীয় প্রার্থী না দেয়ার এবং দলীয় প্রতীক 'নৌকা' বরাদ্দ না দেয়ার সিদ্ধান্ত হয়। দলীয় প্রতীক ছাড়া নির্বাচন হলে বিএনপি কী করবে, জানতে চাইলে রিজভী বলেন, "আমরা বলছি, এই সরকারের অধীনে নির্বাচন সুষ্ঠু হবে না। আমরা এখনো শেখ হাসিনার অধীনে কোনো নির্বাচনে না যাওয়ার সিদ্ধান্তে অটল রয়েছি।" ফেব্রুয়ারি মাসে এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে এবং মার্চে রোজা পালন করবে সংখ্যাগরিষ্ঠ মুসলিম ধর্মাবলম্বীরা। এই বিবেচনায়, প্রথম ধাপের উপজেলা নির্বাচন ৩০ এপ্রিলের মধ্যে অনুষ্ঠিত হতে পারে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার আনিছুর রহমান। আসন্ন উপজেলা নির্বাচন বর্জনের সিদ্ধান্তের যৌক্তিকতা ব্যাখ্যা করেন রুহুল কবির রিজভী। তিনি বলেন, দেশের মানুষ জানে কীভাবে শেখ হাসিনার অধীনে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন হয়েছে এবং সেই নির্বাচনের ফলাফল ও প্রকৃতি কী ছিলো। "শেখ হাসিনা কোনভাবেই গণতন্ত্রে বিশ্বাস করেন না। তিনি যে বক্তব্য দিন না কেন; তিনি জনগণের ক্ষমতা ও জনগণের ইচ্ছায় বিশ্বাস করেন না:" যোগ করেন রুহুল কবির রিজভী। বিএনপির সিনিয়র যুগ্মমহাসচিব আরো বলেন, সরকার তাদের মাস্টার প্ল্যান অনুযায়ী একটি অদ্ভুত ও প্রহসনের নির্বাচন পরিচালনা করেছে; কারণ তারা গণতন্ত্র ও জনমতের কোনো তোয়াক্কা করে না।
(ভোয়া ওয়েব পেজ : ২৪.০১.২০২৪ এলিনা)

## ড. ইউনূসকে হয়রানি না করতে শেখ হাসিনার প্রতি যুক্তরাষ্ট্রের ১২ সেনেটরের চিঠি

শান্তিতে নোবেল বিজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসকে হয়রানি বন্ধ করতে, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি আহ্বান জানিয়েছে যুক্তরাষ্ট্রের ১২জন সেনেটর। যুক্তরাষ্ট্রের ইলিনয় রাজ্যের সেনেটর রিচার্ড জে. ডারবিন ও ইন্ডিয়ানার সেনেটর টড ইয়ংসহ ১২জন সেনেটের চিঠিতে স্বাক্ষর করেন। চিঠিতে তারিখ উল্লেখ রয়েছে ২২শে জানুয়ারি। স্বাক্ষরকারী সেনেটররা হলেন- রিচার্ড জে. ডারবিন, টড ইয়ং, টিম কাইন, ড্যান সুলিভান, জেফ মার্কলে, জিন শাহিন, এড মার্কি, শেরোড ব্রাউন, পিটার ওয়েলেশ, শেলডন হোয়াইটহাউস, রন ওয়াইডেন এবং কোরি বুকার। বাংলাদেশের প্রধানমন্ত্রীর দপ্তরে পাঠানো সেনেটরদের চিঠিতে বলা হয়েছে যে, নোবেল শান্তি পুরস্কার বিজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে ক্রমাগত হেনস্তা করা হচ্ছে। এছাড়া, আরো বিস্তৃতভাবে আইন এবং বিচার ব্যবস্থার অপব্যবহারের মাধ্যমে সরকারের সমালোচকদের টার্গেট করা হচ্ছে। "তা বন্ধ করার আহ্বান জানাতে আপনার (প্রধানমন্ত্রী শেখ হাসিনা) কাছে এই চিঠি লেখা হচ্ছে;" চিঠিতে উল্লেখ করেন ১২ সেনেটর। সেনেটররা চিঠিতে উল্লেখ করেছেন যে, গত এক দশকের বেশি সময় ধরে অধ্যাপক ইউনূস বাংলাদেশে ১৫০টির বেশি ভিত্তিহীন মামলার মুখোমুখি হয়েছেন। বাংলাদেশে সরকারের সমালোচকদের বিরুদ্ধে আইন ও বিচার ব্যবস্থার অপব্যবহার অবসান ঘটানোর আহ্বান জানান তারা।

এদিকে, বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ মঙ্গলবার (২৩ জানুয়ারি) বলেছেন, নোবেল বিজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসকে আদালত সাজা দিয়েছে; আর তার বিরুদ্ধে মামলা করেছিলেন সংক্ষুব্ধ মানুষ। এখানে সরকার কোনো পক্ষ নয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের একথা বলেন তিনি। হাছান মাহমুদ আরো বলেন, "সরকার আদালতকে নির্দেশ দিতে পারে না। ড. ইউনূসের প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করে বলতে চাই, সরকার তার মামলায় কোনো পক্ষ নয়। সংক্ষুব্ধ ব্যক্তিরা তার বিরুদ্ধে মামলা করেছেন। তিনি বলেন, দেশের একজন নাগরিক ও আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক হিসেবে এই বক্তব্য দিচ্ছেন, পররাষ্ট্রমন্ত্রী হিসেবে নয়। এর আগে, একজন সাংবাদিক, ড. ইউনূসের বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে লেখা যুক্তরাষ্ট্রের আইনপ্রণেতাদের লেখা চিঠির বিষয়ে তার দৃষ্টি আকর্ষণ করেন। জবাবে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেন, "তারা যদি এমন কোনো চিঠি লিখে থাকেন, তবে তারা সরকারকে আদালতের ওপর হস্তক্ষেপ করতে বলছেন। সরকার কি এটা করতে পারে? এটা কি যুক্তিসঙ্গত হবে?" ইউএনবি এই চিঠির সত্যতা যাচাই করতে পারেনি। গত ১ জানুয়ারি অধ্যাপক মুহাম্মদ ইউনূসসহ চার জনের বিরুদ্ধে শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে একটি ধারায় ছয় মাসের কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা জরিমানা করে রায় দেয় ঢাকার একটি আদালত। আরেকটি ধারায়, তাদের ২৫ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরো ১৫ দিনের কারাদণ্ড দেয়া হয়। শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে ২০২১ সালের ৯ সেপ্টেম্বর এই মামলা দায়ের করেছিল কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। দণ্ডাদেশ ঘোষণার পর, ড. ইউনূসের আইনজীবীরা জামিন আবেদন করেন। আদালত আবেদন মঞ্জুর করলে কারাগারে যেতে হয়নি ড. ইউনূসকে। রায়ের

পর প্রতিক্রিয়ায় আদালতে সাংবাদিকদের ড. ইউনূস বলেছিলেন, "যে অপরাধ করিনি, সেই অপরাধর জন্য শাস্তি পেলাম।" এই মামলা ছাড়াও, ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে। অধ্যাপক ইউনূসের বিরুদ্ধে, দুর্নীতি দমন কমিশনের দায়ের করা মামলাও রয়েছে। এই মামলাকে হয়রানিমূলক বলে উল্লেখ করেন ড. ইউনূসের পক্ষের আইনজীবীরা। মমলা দায়েরের পর, যুক্তরারষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা এবং হিলারি ক্লিনটনসহ বিশ্বের ১৬০জন ব্যক্তি ও নেতা মি. ইউনূসের পক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে একটি খোলা চিঠি দেন। চিঠি প্রদানকারীদের একশ জনের বেশি নোবেল বিজয়ী। এছাড়া ২০২৩ সালের মে মাসে বিশ্বের ৪০ জন রাজনীতিবিদ, কূটনীতিক, ব্যবসায়ী ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে একই ধরনের খোলা চিঠি লিখেছিলেন। (ভোয়া ওয়েব পেজ : ২৪.০১.২০২৪ এলিনা)

**স্থানীয় নির্বাচনে দলীয় প্রতীক না থাকলে আইনের ব্যত্যয় ঘটবে না : তাজুল ইসলাম**

উপজেলা পরিষদসহ স্থানীয় নির্বাচনে দলীয় প্রতীক ছাড়া ভোট গ্রহণ করা হলে আইনের কোনো ব্যত্যয় ঘটবে না বলে জানিয়েছেন বাংলাদেশের স্থানীয় সরকার মন্ত্রী তাজুল ইসলাম। মঙ্গলবার (২৩ জানুয়ারি) সচিবালয়ে মন্ত্রিসভা বিভাগে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। "আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে, কোনো রাজনৈতিক দল প্রার্থীদের মনোনয়ন দিতে পারে, না-ও দিতে পারে; তাতে আইনের কোনো ব্যত্যয় ঘটবে না।" সোমবার (২২ জানুয়ারি) রাতে গণভবনে আওয়ামী লীগের জরুরি কার্যনির্বাহী সভায় সিদ্ধান্ত হয় যে, দলের প্রতীকে উপজেলা নির্বাচন হচ্ছে না। আইন থাকার পরও এটা সম্ভব কি না; সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে তাজুল ইসলাম জানান, আইনটি যেভাবে করা আছে, তাতে করে দলীয় প্রতীকে নির্বাচন হতে পারে; দলীয় প্রতীক ছাড়াও হতে পারে। "কোনো দল যদি কাউকে মনোনয়ন দিয়ে প্রতীক দেয়, সেখানে নির্বাচন দলীয় প্রতীকে হবে। তবে, বিকল্প আছে। কেউ স্বতন্ত্র নির্বাচন করতে পারে। আমি আইনটি দেখেছি, আইনটি ঠিক আছে;" যোগ করেন স্থানীয় সরকারমন্ত্রী। তিনি বলেন, আওয়ামী লীগ যদি মনে করে, দলীয় মনোনয়ন দেবে; সে সিদ্ধান্ত তারা নিতে পারে। তবে, দল যদি মনে করে, তারা মনোয়ন দেবে না; বা কোথাও দেবে, কোথাও দেবে না, সেক্ষেত্রে ভিন্ন সিদ্ধান্ত নেয়ার সুযোগ আছে। আইন সংশোধনের কোনো প্রয়োজন নেই বলে জানান তাজুল ইসলাম। বলেন, "আইন সংশোধন করার দরকার পড়বে না।" (ভোয়া ওয়েব পেজ : ২৩.০১.২০২৪ এলিনা)

**অধস্তন আদালত থেকে লোহার খাঁচা সরাতে ১০ আইনজীবীর রিট**

বাংলাদেশের অধস্তন আদালতের এজলাস (বিচার কক্ষ) থেকে লোহার খাঁচা অপসারণের নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট করা হয়েছে। মঙ্গলবার (২৩ জানুয়ারি) সুপ্রিম কোর্টের ১০ আইনজীবী বাদী হয়ে এই রিট দায়ের করেন। বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মো. আতাবুল্লাহর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চে আগামী সপ্তাহে এই রিটের ওপর শুনানি হতে পারে। এর আগে, আদালতের এজলাস থেকে লোহার খাঁচা সরাতে গত বছরের ১৬ অক্টোবর আইনসচিব, জননিরাপত্তা বিভাগের সিনিয়র সচিব ও পুলিশের মহাপরিদর্শক বরাবর আইনি নোটিশ পাঠিয়েছিলেন সুপ্রিম কোর্টের ১০ আইনজীবী। নোটিশ পাওয়ার চার সপ্তাহের মধ্যে আদালতের এজলাস কক্ষ থেকে লোহার খাঁচা সরাতে অনুরোধ জানানো হয়। তা না হলে, উচ্চ আদালতে রিট করে আইনি প্রতিকার চাওয়া হবে বলে আইনি নোটিশে উল্লেখ করা হয়েছিল। নোটিশের জবাব না পেয়ে ১০ আইনজীবী মঙ্গলবার রিট আবেদন করেন। রিটকারী ১০ আইনজীবী হলেন; জি এম মুজাহিদুর রহমান, মোহাম্মদ নোয়াব আলী, সাদ্দাম হোসেন, আবদুল্লাহ সাদিক, মিজানুল হক, মুজাহিদুল ইসলাম, মেসবাহ উদ্দিন, মো. জোবায়দুল ইসলাম, আজিম উদ্দিন পাটোয়ারী ও সাজ্জাদ সারোয়ার। রিট আবেদনকারীদের আইনজীবী মোহাম্মদ শিশির সাংবাদিকদের জানান, দেশের অধস্তন আদালত ও ট্রাইব্যুনালে এ ধরনের লোহার খাঁচা অতীতে ছিল না। বর্তমানে প্রায় শতাধিক আদালতে এই ধরনের খাঁচা বিদ্যমান, যার সিংহভাগ ঢাকায় অবস্থিত। তিনি বলেন, এ ধরনের খাঁচা ব্যবস্থা সংবিধানের ৩১, ৩২ ও ৩৫ (৫)অনুচ্ছেদের সঙ্গে সাংঘর্ষিক। সংবিধানের এই অনুচ্ছেদে বলা আছে কারো সঙ্গে নিষ্ঠুর-অমানবিক আচরণ করা যাবে না। অথচ, এই খাঁচা ব্যবস্থার মাধ্যমে নাগরিকদের সঙ্গে নিষ্ঠুর, অমানবিক আচরণ করা হচ্ছে। মোহাম্মদ শিশির আরো বলেন, সর্বজনীন মানবাধিকার সনদ, নির্যাতনবিরোধী আন্তর্জাতিক সনদসহ অন্যান্য দেশীয় ও আন্তর্জাতিক দলিল এই ধরনের আচরণ অনুমোদন করে না। জামিনে থাকা ব্যক্তিদের হাজিরার জন্যও এই খাঁচা ব্যবহার করা হয়। সাক্ষ্য গ্রহণের সময়ও খাঁচায় ঢুকিয়ে রাখা হয়। রিটে, আদালত কক্ষে লোহার খাঁচা স্থাপনের সিদ্ধান্ত কেন অবৈধ ঘোষণা করা হবে না এবং এরই মধ্যে স্থাপিত লোহার খাঁচা অপসারণ করে কাঠের ডক কেন প্রতিস্থাপন করা হবে না; এ বিষয়ে রুল চাওয়া হয়েছে। যেসব আদালত ও ট্রাইব্যুনালে এ ধরনের লোহার খাঁচা স্থাপন করা হয়েছে, তার একটি তালিকা হাইকোর্টে দাখিলের অন্তবর্তীকালীন আদেশ চাওয়া হয়েছে রিটে। রুল হলে তা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত, জামিনে থাকা ব্যক্তিদের আদালতকক্ষে লোহার খাঁচায় না ঢোকানোর জন্য অন্তবর্তীকালীন আদেশ চাওয়া হয়েছে রিটে। (ভোয়া ওয়েব পেজ : ২৩.০১.২০২৪ এলিনা)

**উন্নয়ন কর্মসূচির স্থায়িত্ব নিশ্চিত করতে সহযোগিতা দরকার : প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

বাংলাদেশের উন্নয়ন কর্মসূচিগুলোর স্থায়িত্ব নিশ্চিত করতে, ফ্রান্সসহ সকল উন্নয়ন অংশিদারদের সহযোগিতা কামনা করেছেন দেশটির প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মঙ্গলবার (২৩ জানুয়ারি) গণভবনে শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেন

বাংলাদেশে নিযুক্ত ফ্রান্সের রাষ্ট্রদূত ম্যারি মাসদুপুই। এ সময় শেখ হাসিনা এ আহ্বান জানান। সাক্ষাৎ শেষে প্রধানমন্ত্রীর স্পিচ রাইটার এম নজরুল ইসলাম সাংবাদিকদের অবহিত করেন। নজরুল ইসলাম জানান যে, শেখ হাসিনা বলেছেন, "বাংলাদেশের উন্নয়নকে টেকসই করতে হলে আমাদের আরো অনেক দূর যেতে হবে। এক্ষেত্রে আমাদের ফ্রান্স এবং উন্নয়ন সহযোগীদের সহযোগিতা প্রয়োজন।" বাংলাদেশের প্রধানমন্ত্রী ফ্রান্সের রাষ্ট্রদূতকে জানিয়েছেন, আওয়ামী লীগ সরকারের আমলে গ্রামীণ এলাকায় দারিদ্র্য, বন্যা ও খরার মতো বিষয়গুলোর বিরূপ প্রভাব কমে এসেছে। শেখ হাসিনা বলেছেন, "আজকের বাংলাদেশের চিত্র সম্পূর্ণ ভিন্ন।" "দেশের প্রতিটি গ্রামে এখন বিদ্যুৎ সংযোগ দেয়ার পাশাপাশি যোগাযোগ নেটওয়ার্ক গড়ে উঠেছে। গ্রামীণ এলাকার অনেক পরিবর্তন হয়েছে এবং দারিদ্র্য উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে," সাক্ষাৎকালে উল্লেখ করেন শেখ হাসিনা। নজরুল ইসলাম জানান যে, শেখ হাসিনা বলেছেন, তার সরকার দরিদ্র মানুষের জন্য গ্রামাঞ্চলে ফ্ল্যাট নির্মাণের পরিকল্পনা নিয়েছে। শহরাঞ্চলে এ ধরনের ফ্ল্যাট নির্মাণ করা হচ্ছে। রোহিঙ্গা ইস্যুতে শেখ হাসিনা রাষ্ট্রদূতকে বলেন, জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমারের নাগরিকদের অবশ্যই তাদের নিজ দেশে প্রত্যাবাসন করতে হবে। "তারা মাদক ও অস্ত্র চোরাচালানসহ নানা ধরনের অপরাধে জড়িয়ে পড়ছে। তারা শিক্ষা বা কাজের সঙ্গে জড়িত নয়," যোগ করেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। শেখ হাসিনা বলেন যে, প্রত্যাবাসন ছাড়া অপরাধ পুরোপুরি বন্ধ করা যাবে না। তিনি রোহিঙ্গাদের দ্রুত প্রত্যাবাসনে আরো চাপ বাড়ানোর জন্য ফ্রান্সসহ পশ্চিমা দেশগুলোর প্রতি আহ্বান জানান। সাক্ষাৎকালে আটকে পড়া পাকিস্তানিদের কথা উল্লেখ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, তাদের চতুর্থ প্রজন্ম এখানে বসবাস করছে। "মনে হচ্ছে পাকিস্তান তাদের ফেরত নেবে না। তাই আমরা এখানে তাদের স্থায়ী পুনর্বাসন নিশ্চিত করতে তাদের জন্য ফ্ল্যাট নির্মাণের পরিকল্পনা করছি," জানান শেখ হাসিনা। বাংলাদেশের গ্যাস খাতে বিনিয়োগের জন্য ফ্রান্সের গ্যাস কোম্পানিগুলোর প্রতি অনুরোধ জানান শেখ হাসিনা। বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও রাষ্ট্রদূত ম্যারি মাসদুপুই এয়ারবাস ক্রয় ও বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণসহ দ্বিপক্ষীয় আরো কিছু বিষয়ে আলোচনা করেছেন বলে জানিয়েছেন স্পিচ রাইটার এম নজরুল ইসলাম। রাষ্ট্রদূত মাসদুপুই, জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী হয়ে পুনরায় প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়ে ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ এর একটি বার্তা হস্তান্তর করেন। দু'দেশের মধ্যে চমৎকার দ্বিপক্ষীয় সম্পর্কের কথা উল্লেখ করেন রাষ্ট্রদূত ম্যারি মাসদুপুই। বলেন, ২০২১ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ফ্রান্স সফর এবং ২০২৩ সালে ম্যাক্রোঁর ঢাকা সফরের পর এ সম্পর্ক আরো জোরদার হয়েছে। জলবায়ু ইস্যুতে রাষ্ট্রদূত ম্যারি মাসদুপুই বলেন, তার দেশ বাংলাদেশকে লস অ্যান্ড ড্যামেজ ইউটিলাইজেশন ফান্ড ব্যবহারের ক্ষেত্রে অগ্রগামী হিসেবে দেখতে চায়। তিনি বলেন, "জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশ দৃষ্টান্ত স্থাপন করেছে। ফ্রান্স বাংলাদেশকে গ্রিন এনার্জি ট্রানজিশন-এ সহায়তা করতে চায়।" ফ্রান্সের রাষ্ট্রদূত আরো বলেন যে, তার দেশ ব্লু ইকোনমি ও সাইবার নিরাপত্তায় বাংলাদেশকে সহযোগিতা করতে চায়। (ভোয়া ওয়েব পেজ : ২৩.০১.২০২৪ এলিনা)

## এনএইচকে

### ভারতীয় সম্প্রচার সংস্থার সাথে একীভূতকরণ বাতিল করবে সনি গ্রুপ

জাপানের সনি গ্রুপ ঘোষণা করেছে যে তারা ভারতে তাদের সহযোগী প্রতিষ্ঠানের সাথে দেশটির শীর্ষস্থানীয় সম্প্রচার সংস্থার একীভূতকরণ পরিকল্পনা বাতিল করবে। ভারতে সম্প্রচার এবং অনলাইন স্ট্রিমিং পরিষেবা প্রদানকারী সনি'র ইউনিটটি ২০২১ সালে জি এন্টারটেইনমেন্ট এন্টারপ্রাইজের সাথে একটি চুক্তিতে সম্মত হয়েছিল। তবে সনি জানিয়েছে যে তারা সোমবার তাদের ভারতীয় প্রতিপক্ষকে একীভূতকরণ চুক্তিটি নাকচ করে একটি নোটিশ পাঠিয়েছে। জাপানি সংস্থাটির ভাষ্যমতে, তাদের এ সংক্রান্ত আলোচনা বন্ধ করার কারণ মূলত একত্রীকরণের শর্তসমূহ সময়সীমার মধ্যে পূরণ না হওয়া। এই সিদ্ধান্ত সম্ভবত সনিকে ভারতে তাদের মিডিয়া ব্যবসার কৌশল সংশোধনে বাধ্য করবে। উল্লেখ্য, ক্রমবর্ধমান জনসংখ্যার ভারত, চলচ্চিত্র এবং বিনোদন শিল্পের জন্য একটি লাভজনক বাজার।
(এনএইচকে ওয়েব পেজ : ২৩.০১.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### এখনো শীত উপদ্রুতদের মুখে ত্রাণ না পাওয়ার অভিযোগ

শৈত্যপ্রবাহে বাংলাদেশের সব জেলার নিম্নবিত্ত মানুষ কষ্টে আছেন। উত্তরাঞ্চলের দুই জেলায় আগুন পোহাতে গিয়ে ১০০ জনের মতো অগ্নিদগ্ধ হয়েছেন। তাদের মধ্যে তিন জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। তীব্র শীতের কারণে দেশের পাঁচ জেলায় প্রাথমিক ও মাধ্যমিক স্কুল বন্ধ ঘোষণা করা হয়। ১১ দিন আগে ডয়চে ভেলে কথা বলেছিল পঞ্চগড় সদরের তুলাডাঙ্গা স্লুইজ গেট এলাকার ঝুপড়ি ঘরে বসবাসরত সালেহা বেগমের সঙ্গে। শীতে তিনি কষ্ট পাচ্ছেন। কোনো কম্বল, গরম কাপড় বা অন্য কোনো সহায়তা তিনি এখনো পাননি। সকালে কাছেই একটি বাজারে গিয়েছিলেন কম্বলের আশায়, কিন্তু সেখানেও পাননি। ডয়চে ভেলেকে তিনি বলেন, " না বাবা আমাকে কেউ কিছু দেয়নি। কম্বল, খাবার কিছুই না। অনেক কষ্টে আছি। একটি কম্বলের জন্য বাজারে গিয়েছিলাম, পাইনি। এখন আবার বাড়ি ফিরে যাচ্ছি। আমার স্বামী নেই। আমাকে কে দেবে? ঘরে ঠান্ডা বাতাস ঢোকে। ঘরেও থাকা কষ্টের। কেউ কিছু দিচ্ছে না।" ওই এলাকারই আরেকজন শ্রমিক রিয়াজুল ইসলাম জানান তিনি তার পাঁচ সদস্যের পরিবার নিয়ে কষ্টে আছেন। তার কথা,

"এই শীতে গরম কাপড়ের অভাবে বাইরে বের হওয়া যায় না। বের হলেও কাজ পাওয়া যায় না। ছেলে-মেয়ে নিয়ে অনেক কষ্টে আছি। সরকার বা কেউ কোনো সহায়তা করছে না।" তিনি জানান, ''আমাদের এলাকায় পাথর ও বালু শ্রমিক বেশি। পেটের দায়ে এই তীব্র শীতেও অনেক শ্রমিককে করতোয়া নদীতে নেমে পাথর ও বালু তোলার কাজ করতে হচ্ছে।"

পঞ্চগড় জেলার সহকারি কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. মিজানুর রহমান বলেন, ''এ পর্যন্ত আমরা সরকারিভাবে ৩৩ হাজার ৫০০ কম্বল দিয়েছি। এনজিও এবং বেসরকারি সংগঠন দিয়েছে আরো ১৫ হাজার।" তিনি বলেন, "আরো কম্বল দরকার। আমরা বরাদ্দ চেয়েছি। আসলে আমরা বিতরণ করব।"

পঞ্চগড় জেলার মোট জনসংখ্যা সাড়ে পাঁচ লাখ। উপজেলা পাঁচটি। দারিদ্র্যপীড়িত এই অঞ্চলের শতকরা আট ভাগ মানুষ এখন পর্যন্ত কম্বল পেয়েছেন। ১১ দিন আগে ডয়চে ভেলে আরো কথা বলেছিল কুড়িগ্রাম দাড় মোল্লাপাড়ার মো. কামাল হোসেনের সঙ্গে। তিনিও তখন জানিয়েছিলেন কোনো শীতবস্ত্র বা কোনো ধরনের সহায়তা না পাওয়ার কথা। ১০ দিন পর তিনি বলেন, "আমরা কয়েকজনসহ আরো অনেকে কম্বল পেয়েছি। তবে অনেকে পাননি। নদীর তীরে, চরাঞ্চলে যারা থাকেন, তাদের অনেকেই পাননি। " তিনি অভিযোগ করেন, "কেউ দুইবার পেয়েছে, আবার কেউ একবারও পায়নি। স্লিপ না থাকলে পাওয়া যায় না।" আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, দেশের সব জেলায়ই এখন শৈত্য প্রবাহ চলছে। তবে সোমবার দিনাজপুর সদর ও নওগাঁর বদলগাছি উপজেলায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৮.১ ডিগ্রি সেলসিয়াস। ঢাকায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১২.৫ ডিগ্রি সেলসিয়াস।

দিনাজপুরের কালীতলা এলাকার মোটর সাইকেল মিস্ত্রি শ্যামল জানান, "প্রচণ্ড শীত, সূর্যেরও দেখা নেই। তার ওপর বাতাস। বাইরে বের হওয়া অনেক কষ্টের। কাজও করা যায় না।।" তার পরিবারে পাঁচ সদস্য। সবাই শীতে যেমন কষ্ট পাচ্ছেন, কাজ না থাকায় খাদ্য এবং অর্থ সংকটেও পড়েছেন। তিনি বলেন, "আমার পরিচিত কেউ কেউ কম্বল পেলেও আমরা কেউ পাইনি।" দিনাজপুরের ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা আনিছুর রহমান জানান, তারা জেলার ১৩টি উপজেলায় এ পর্যন্ত ৬৮ হাজার ২৮০টি কম্বল বিতরণ করেছেন আর শুকনো খাবার এক হাজার প্যাকেট। তবে এখন তাদের কাছে কোনো কম্বল নেই। তিনি বলেন, "আমরা কম্বলের জন্য আবেদন করেছি। আশা করছি দুই- একদিনের মধ্যে পাব, পেলে আবার বিতরণ করব।" দিনাজপুর জেলার জনসংখ্যা ৩৩ লাখ ১৫ হাজার।

নওগাঁর বদলগাছি উপজেলার ভোলাবাজারে থাকেন নেপাল চন্দ্র। তিনি জুতা সেলাইয়ের কাজ করেন। তিনি জানান, "আমাদের পরিবারের কেউ কোনোরকম সহায়তা পায়নি। দুই-একজন কম্বল পেলেও আমরা পাইনি। অনেক কষ্ট হচ্ছে এই শীতে। রাস্তার পাশে বসে একটি জুতা সেলাই করলেই হাত অবশ হয়ে যায়। আর লোকজনও তেমন আসে না। কাজ না থাকায় অর্থকষ্টে আছি," বলেন তিনি। নওগাঁয় মোট উপজেলা ১১টি। জসংখ্যা ২৮ লাখ। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা আশেকুর রহমান জানান ,এ পর্যন্ত সরকারিভাবে ৭০ হাজার ৫৫০টি কম্বল বিতরণ করা হয়েছে। আর জেলা প্রশাসনের পক্ষ থেকে বেসরকারিভাবে সংগ্রহ করে আরো এক লাখ ১৭ হজার কম্বল বিতরণ করা হয়েছে। তিনি বলেন, ''আমাদের কাছে এখন আর কোনো কম্বল নেই। ৫০ হাজার কম্বল বরাদ্দ চেয়ে আবেদন করেছি, না আসা পর্যন্ত কম্বল বিতরণ করতে পারব না।" এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ''আমরা কম্বল ছাড়া সোয়েটার, জ্যাকেট বা আর কোনো ধরনের গরম কাপড় দিচ্ছি না। খাবার বা অর্থ সহায়তার কোনো বরাদ্দ শীতের জন্য নেই।" এই শীতে জেলায় কত মানুষের সহায়তা দরকার তার কোনো হিসাব জেলা প্রশাসনের কাছে নেই। সর্বশেষ অর্থনৈতিক সমীক্ষা বলছে, দেশে দারিদ্র্যসীমার নীচে এখন মোট জনগোষ্ঠীর ১৮.৭ শতাংশ। সেই হিসেব করলেও দিনাজপুর ও নওগাঁ জেলায় কমপক্ষে ১২ লাখ মানুষের এই শীতে গর কাপড়সহ অন্যান্য সহায়তা দরকার। কিন্তু তিন লাখ মানুষও সহায়তা পায়নি। যারা পেয়েছেন, তারা কম্বল ছাড়া আর কিছুই পাননি। অন্য জেলাগুলোরও একই অবস্থা। দেশের অন্তত ১০ জেলায় খোঁজ নিয়ে জানা গেছে, অনেক জেলায়ই কম্বল না থাকায় বিতরণ বন্ধ আছে। তারা ঢাকায় বরাদ্দ চেয়েছেন।

পঞ্চগড়ে তীব্র শীতে গরম কাপড়ের অভাবে খড়কুটো জ্বেলে আগুন পোহাতে গিয়ে ২৬ জন অগ্নিদগ্ধ হয়ে সদর হাসপাতালে ভর্তি হয়েছেন। তাদের মধ্যে তিনজন এখনো হাসপাতালে আছেন বলে জানান পঞ্চগড়ের সাংবাদিক লুৎফর রহমান। রংপুরে আগুনে পুড়ে হাসপাতালে ভর্তি হয়েছেন অনেকে। রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি আছেন এখন ৪৬ জন। তাদের মধ্যে অধিকাংশই নারী। হাসপাতালের পরিচালক ডা. ইউনূস আলী ডয়চে ভেলেকে বলেন, "তাদের মধ্যে তিন জন মারা গেছেন। আগুন পোহাতে গিয়ে বা অসাবধনতাবশত তারা অগ্নিদগ্ধ হয়েছেন।" হাসপাতালের বার্ন ইউনিটে মাত্র ১২টি বেড আছে। অন্যদের সার্জারি ইউনিটে রেখে চিকিৎসা দেয়া হচ্ছে বলে জানান তিনি। এদিকে ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের যুগ্ম সচিব এবং পরিচালক (ত্রাণ) মো. রাসেল সাবরিন ডয়চে ভেলেকে বলেন, ''সারা দেশে এ পর্যন্ত ৩৭ লাখ কম্বল বিতরণ করা হয়েছে। আর প্রত্যেক সংসদীয় এলকায় প্রত্যেক এমপির অনুকূলে আরো এক হাজার করে কম্বল পাঠানো হয়েছে। কম্বলের কোনো সংকট হওয়ার কথা নয়। আমরা প্রতিনিয়ত পাঠাচ্ছি।" বেশ কয়েকটি জেলায় কম্বল শেষ হওয়া প্রসঙ্গে তিনি বলেন, ''আমাদের কম্বলের পর্যাপ্ত মজুত আছে। আমরা চাহিদা অনুযায়ী পাঠাচ্ছি। কোনো অসুবিধা হবে না। কম্বল শেষ হওয়ার কথা নয়।''

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৩.১.২৪ রিহাব)

## তৃতীয় লিঙ্গের অধিকার নিয়ে বিতর্ক ও শিক্ষামন্ত্রীর 'জবাব'

ট্রান্সজেন্ডারদের এগিয়ে যাওয়া সমাজের বৃহত্তর অংশ ইতিবাচকভাবে নিলেও একটা অংশের ভিন্নমত রয়েছে। বাংলাদেশে সাম্প্রতিক কিছু ঘটনায় তা প্রকাশিত। তবে শিক্ষামন্ত্রী বলেছেন, ''আইনত তৃতীয় লিঙ্গ হিসেবে তাদের স্বীকৃতি দেওয়া হয়েছে।'' গত কয়েক বছরে সমাজের নানা ক্ষেত্রে ট্রান্সজেন্ডার নারী-পুরুষদের এগিয়ে যাওয়ার অনেক গল্পই বিভিন্ন মাধ্যমে প্রকাশিত হয়েছে। সদ্য সমাপ্ত জাতীয় নির্বাচনেও তাদের কেউ কেউ অংশ নিয়েছেন। এর বিপরীতে মাঝে মাঝেই উঠে আসে মানবাধিকার প্রশ্নে উদ্বেগের কারণ হওয়ার মতো ঘটনা। সর্বশেষ ঘটনাটি বেসরকারি একটি বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষকের আচরণ ও সেই আচরণের পরই তার চাকরিচ্যুতি নিয়ে। গত দু'দিন ধরে এটি বাংলাদেশের ভার্চুয়াল জগতে উত্তাপ ছড়াচ্ছে, যা ট্রান্সজেন্ডার জনগোষ্ঠী ও অধিকার কর্মীদের নতুন করে ভাবিয়ে তুলেছে।

ঘটনার সূত্রপাত শুক্রবার। রাজধানীর কাকরাইলে ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সে বর্তমান শিক্ষা করিকুলাম নিয়ে আয়োজিত একটি সেমিনারে আলোচনা করতে গিয়ে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের খণ্ডকালীন শিক্ষক আসিফ মাহতাব অভিযোগ করেন, পাঠ্য বইয়ে ট্রান্সজেন্ডারের গল্প ঢুকিয়ে কোমলমতি শিশুদের মগজ ধোলাই করা হচ্ছে। এমন অভিযোগ তুলে তিনি হাতে থাকা পাঠ্য বইয়ের পাতা ছিঁড়ে ফেলেন এবং সেখানে উপস্থিত সবার প্রতি একই কাজ করার আহ্বান জানান। রোববার ব্র্যাক বিশ্ববিদ্যালয় আসিফ মাহতাবের সঙ্গে চুক্তি নবায়ন না করার সিদ্ধান্ত জানিয়ে দেয় তাকে। আসিফ জানান, তাকে যেদিন এই সিদ্ধান্ত জানানো হয় সেদিনও তিনি বিশ্ববিদ্যালয়ে ক্লাস নিয়েছেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চুক্তি নবায়ন না করার কোনো কারণ উল্লেখ করেনি বলেও জানান তিনি। তবে তিনি মনে করেন, ট্রান্সজেন্ডার ইস্যুতে ব্যক্তিগত মতামত ব্যক্ত করাতেই তাকে কর্মচ্যুত করা হয়েছে। এই বিষয়ে ব্র্যাক বিশ্ববিদ্যালয় থেকে পাঠানো এক বিবৃতিতে বলা হয়, আসিফ মাহতাব তাদের খণ্ডকালীন শিক্ষক হিসেবে কর্মরত ছিলেন। তবে বর্তমানে বিশ্ববিদ্যালয়ের সঙ্গে তার কোনো চুক্তি নেই। সেখানে আরো বলা হয়, ''ব্র্যাক বিশ্ববিদ্যালয় তার কর্মীদের গোপনীয়তা এবং তাদের চুক্তির গোপনীয়তা বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ। বিশ্ববিদ্যালয় তার অনুষদ এবং শিক্ষার্থীদের মত প্রকাশের স্বাধীনতা সমর্থন করে এবং সহযোগিতামূলক, অন্তর্ভুক্তিমূলক এবং কলেজিয়াল আচরণকে উৎসাহ দেয়।" সেমিনারে ছিঁড়ে ফেলা 'শরীফ থেকে শরীফা' গল্প প্রসঙ্গে ডয়চে ভেলেকে নিজের মতো একটা ব্যাখ্যা দিয়েছেন আসিফ মাহতাব, ''বইয়ের মধ্যে বলা হয়েছে, এই বাচ্চাগুলোকে নিয়ে যাবে এক জায়গায়। একজন বলেছে আমাদের গুরুমা আছে। একটা অপরিচিত লোক, বাবা-মায়ের সাথে কোনো যোগাযোগ নাই, গুরু মায়ের কাছে যাবে- এই ধরনের কথা ক্লাস সেভেনের বাচ্চাকে বলা কোনোভাবেই আমি সমর্থন করি না। প্যারেন্টসের সম্মতি ছাড়া এ ধরনের কথা হবে এটা গ্রহণযোগ্য নয়। ওখানে বলেছে, আমি ছেলে কিন্তু মনে মনে মেয়ে, এটা বাচ্চাদের কনফিউজ করে দেওয়া হয়। মনে মনে কেউ যদি মেয়ে হয়, ফিজিক্যালি ছেলে হয় সে ট্রান্সজেন্ডার না। আমরা হিজড়াকে সমর্থন করি, ট্রান্সজেন্ডার না।" ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সে আয়োজিত সেমিনারে তিনি প্রস্তাবিত ট্রান্সজেন্ডার আইনেরও সমালোচনা করেছেন। যদিও আইনটির বিষয়ে যোগাযোগ করা হলে সমাজ কল্যাণ অধিদপ্তরের পক্ষ থেকে বলা হয়, এই আইনের এখন কোনো সমালোচনার সুযোগই নেই, কারণ, আইনটির খসড়া এখনো চূড়ান্ত করা হয়নি। সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক মো. শাহজাহান বলেছেন, আইনটি নিয়ে তারা তাদের কার্যক্রম অনেক দূর এগিয়ে নিলেও কোনো কিছু এখনো চূড়ান্ত হয়নি। সরকার ২০১৩ সালে তৃতীয় লিঙ্গকে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দিলে আইনটির প্রয়োজনীয়তা দেখা দেয় উল্লেখ করে তিনি বলেন, ''তৃতীয় লিঙ্গের মানুষের সম্পত্তি ও স্বাস্থ্যগত অধিকারসহ কিছু বিষয় এখনো অমীমাংসিত রয়ে গেছে। এ কারণে আইনটি করতে হচ্ছে। তবে আমাদের কাজ এখনো চূড়ান্ত হয়নি। এই বিষয়ে কারো যদি মতামত থাকে, নিশ্চয় তারা সেই সুযোগ পাবেন।" আইনের খসড়া চূড়ান্ত হওয়ার আগেই এ নিয়ে বিতর্ক তৈরি করার কারণ জানতে চাইলে, আসিফ মাহতাব বলেন, "একটা জিনিস যদি হয়ে যায়, হওয়ার পর এটা নিয়ে কী বলতে পারি। রাষ্ট্র যদি ভুল করে কোনো আইন পাশ করে ফেলে, রাষ্ট্রকে বলব- দেখেন, যে আইনটা করেছেন, আপনি ভুল করে ফেলেছেন, আমি তো একজন চিন্তাবিদ, একজন অ্যাকাডেমিক। আইন করার আগেই তো কারেক্ট করা যায়, সেই চিন্তা থেকে এটা নিয়ে কথা বলেছি।"

তবে ব্র্যাক কর্তৃপক্ষ চুক্তি নবায়ন না করার সিদ্ধান্ত নেয়ার পর কিছু মানুষ সামাজিক যোগাযোগ মাধ্যমে তাকে কাজে পুনর্বহালের দাবি জানায়, আরেকটা অংশ একজন বিশ্ববিদ্যালয় শিক্ষকের এমন আচরণের তীব্র প্রতিবাদ জানায়। তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন বাংলাদেশের ট্রান্সজেন্ডাররা। রাজবাড়িতে একটা বিউটি পার্লার পরিচালনা করেন ট্রান্সজেন্ডার অধিকার কর্মী তানিশা ইয়াসমিন চৈতি। ২০১১ সালে সার্জারির মাধ্যমে নিজেকে নারীতে রূপান্তরিত করেছেন তিনি। আসিফ মাহতাবের ঘটনায় চৈতি রীতিমতো ভীত। ডয়চে ভেলেকে তিনি বলেন, "আমরা এদেশে থাকতে পারব কি-না এটাই বড় সমস্যা...একটা বইতে আমাদের বিষয়ে একটা চ্যাপ্টার হয়েছে, আমাদের বিষয়ে মানুষ জানছে, আমাদের সম্মান করছে, আমাদের এখন কাজ দিচ্ছে- কিন্তু এরা এমনভাবে প্রচারে নামছে কী বলব, আমরা যেন এদেশের মানুষ না, আমরা কিছুই না, আমরা অনেক পাপ করে ফেলেছি।" চৈতি মনে করেন, ট্রান্সজেন্ডার ইস্যুতে সমালোচনা করার আগে সমালোচকদের উচিত তাদের সঙ্গে কথা বলা, ব্যক্তিগতভাবে তাদের সমস্যাগুলো উপলব্ধি করার চেষ্টা করা। "আমি যখন ২০১১ সালে আমার সার্জারিগুলো করি, এটার যে কত যন্ত্রণা, কত খরচ কেউ তো আমাকে সাহায্য করেনি।

আমি নিজে থেকে করেছি। কেন করেছি? কিসের জন্য করেছি? নাম, সুনাম কিছুর জন্য না। একমাত্র আমার বেঁচে থাকার জন্য। কারণ, আমি ভুল একটা শরীরে ভুল একটা মানুষ। সেটাকে ম্যাচ করার জন্য, না হলে তো আমি বাঁচতেই পারব না। আমি তো রাষ্ট্রের কাছে কিছুই চাই না। শুধু বেঁচে থাকতে চাই। কিন্তু এই মানুষগুলো... কী বলব... আমার এত খারাপ লাগছে... ইয়াং একটা ছেলে, পড়াশুনা করা। আমাদের মতো মানুষের সাথে কথা বল..আমাদের ভেতরের খবর একবার জান, তারপর তোরা যা খুশি বল!"

তৃতীয় লিঙ্গের আরেক অধিকার কর্মী হো চি মিন ইসলাম ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে আসিফ মাহতাবের নিয়োগ নিয়ে প্রশ্ন তুলে বলেন, "এ ধরনের মানসকিতার একজন মানুষের তো একটি বিশ্ববিদ্যালয়ে নিয়োগই পাওয়ার কথা নয়।" আসিফ মাহতাবের আচরণকে 'রাষ্ট্রব্যবস্থার বিরুদ্ধে বিদ্রোহ' আখ্যা দিয়ে তিনি বলেন, ''যে বইটি তিনি সেমিনারে ছিঁড়েছেন সেটা তো বাজারে কিনতে পাওয়ারই কথা নয়। " ''এই বই রাষ্ট্রের সম্পদ। এটা এভাবে ছিঁড়ে ফেলা শাস্তিযোগ্য অপরাধ," বলেছেন তিনি।

সম্প্রতি ঢাকার আরেক প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে (নর্থ সাউথ) ক্যারিয়ার অ্যান্ড প্লেসমেন্ট সেন্টার (সিপিসি)-এর উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে বক্তা হিসেবে যোগ দিতে গিয়ে হো চি মিন ইসলাম নিজেও অনাকাঙ্ক্ষিত ঘটনার শিকার হন। একটা অংশের আন্দোলনের মুখে শেষ পর্যন্ত ওই অনুষ্ঠানে হো চি মিন আর কথা বলতে পারেননি। এ ব্যাপারে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় একটি বিবৃতি দিলেও হো চি মিন ইসলাম জানান, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কেউ তার কাছে আনুষ্ঠানিকভাবে কোনো দুঃখ প্রকাশ করেনি। "তারা একটি বিবৃতি দিয়ে নিজেদের গা বাঁচিয়ে নিয়েছে, আমাকে কেউ রিচ আউট করেনি।" ট্রান্সজেন্ডারদের অধিকার ধর্মের সঙ্গে সাংঘর্ষিক- এমন প্রচারণা অনেক দিন ধরে চলছে জানিয়ে হো চি মিন ইসলাম দাবি করেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়কেন্দ্রিক একটা গোষ্ঠী এই বিষয়ে বিদ্বেষ ছড়াতে বড় ভূমিকা পালন করছে। "এটা খুবই বিপজ্জনক। এরা ট্রান্সজেন্ডারদের অধিকারবঞ্চিত করায় সফল হলে এরপর নারী অধিকার নিয়ে কথা বলবে। এদের তাই থামাতে হবে।"

এদিকে পাঠ্যবইয়ে হিজড়া জনগোষ্ঠী সম্পর্কে জনসচেতনতামূলক অংশ বিশেষজ্ঞরা অন্যভাবে উপস্থাপনের পরামর্শ দিলে সেখানে কিছুটা পরিবর্তন আনা যেতে পারে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। তবে সঙ্গে তিনি এ কথাও বলেন যে, দেশে একটি গোষ্ঠীর মাধ্যমে নানা বিষয়ে ধর্মকে ব্যবহার করে বা ধর্মীয় অনুভূতিকে ব্যবহার করে নানা সময়ে অরাজকতা করার বা পরিস্থিতিকে অস্থিতিশীল করার প্রবণতা আছে। আজ সচিবালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী মহিবুল চৌধুরী বলেন, "আমাদের দেশে একটি গোষ্ঠী নানান বিষয়ে ধর্মকে ব্যবহার করে হোক বা আমাদের ধর্মীয় অনুভূতিকে ব্যবহার করে হোক, নানা সময়ে অরাজকতা করার বা পরিস্থিতিকে অস্থিতিশীল করার প্রবণতা তাদের মধ্যে আছে। গত বছরও ছিল। একটি সংগঠন থেকে কিছুদিন আগে সুপারিশ করেছিল...সেখানে তারা দাবি করেছে, এখান (বইয়ে) ট্রান্সজেন্ডার শব্দটি ব্যবহার করা হয়েছে, যেটি বিভ্রান্তির সৃষ্টি করতে পারে। সেই বিষয়টি তারা নজরে এনেছিল। তবে যখন আমরা আবার আলোচনা করেছি, তখন দেখেছি, শব্দটি ট্রান্সজেন্ডার নয়, থার্ড জেন্ডার। সেটা তো আইনত স্বীকৃত, যারা বায়োলজিক্যাল কারণে তৃতীয় লিঙ্গ বা আমাদের সমাজে সামগ্রিকভাবে হিজড়া নামে পরিচিত, আইনত তৃতীয় লিঙ্গ হিসেবে তাদের স্বীকৃতি দেওয়া হয়েছে। তারা এ দেশের নাগরিক। অবশ্যই তাদের নাগরিক সুবিধা আছে।" (ডয়চে ভেলে ওয়েব পেজ : ২৩.১.২৪ রিহাব)

## রেডিও তেহরান

### বাংলাদেশের নির্বাচিত এমপিদের ২৬৯ জন কোটিপতি : সুজন

বাংলাদেশ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী এমপি ২৬৯ জনই কোটিপতি। সুজনের এই প্রতিবেদন সম্পর্কে বিস্তারিত জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের সংবাদদাতা :

বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ীদের প্রায় ৮৯ দশমিক ৯৭ শতাংশ বা ২৬৯ জনই কোটিপতি। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে এ হার ছিল ৮২ দশমিক ৩৩ শতাংশ বা ২৪৭ জন। আগের সংসদ সদস্যদের তুলনায় কোটিপতি সংসদ সদস্য বেড়েছে ৭ দশমিক ৬৪ শতাংশ। আজ মঙ্গলবার সকালে 'দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ীদের তথ্য উপস্থাপন ও সুজনের পর্যবেক্ষণ' বিষয়ে ভার্চুয়াল সংবাদ সম্মেলনে এমন তথ্য জানিয়েছেন সুশাসনের জন্য নাগরিক (সুজন)। সদ্য বিজয়ী সংসদ সদস্যদের হলফনামার তথ্য বিশ্লেষণ করে সুজনের কেন্দ্রীয় সমন্বয়কারী দিলীপ কুমার সরকার এই পর্যবেক্ষণ উপস্থাপন করেন। সংবাদ সম্মেলনে জানানো হয়, একাদশ জাতীয় সংসদের তুলনায় দ্বাদশ জাতীয় সংসদে কোটিপতি সংসদ সদস্যের সংখ্যা বেড়েছে। জাতীয় সংসদে অধিক সম্পদের অধিকারীদের অংশগ্রহণ ক্রমশই বাড়ছে। আবার নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেছেন ৩৬ দশমিক ৪৫ শতাংশ কোটিপতি, এর মধ্যে নির্বাচিত হওয়ার হার ৮৯ দশমিক ৯৭ শতাংশ। অন্যদিকে ২৫ লাখ টাকার কম সম্পদ থাকা ৪৩ দশমিক ৮৫ শতাংশ প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেছেন, যেখানে নির্বাচিত হওয়ার হার ৩ দশমিক ৬৭ শতাংশ- অর্থাৎ স্বল্প সম্পদশালী প্রার্থীদের নির্বাচিত হওয়ার হার যথেষ্ট কম এবং অধিক সম্পদের মালিকদের নির্বাচিত হওয়ার হার অনেক বেশি।
(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২৩.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## হালকা প্রকৌশল পণ্য উৎপাদনে দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলে চলছে নীরব বিপ্লব

বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে হালকা প্রকৌশল পণ্য উৎপাদনের প্রতি আগ্রহ বাড়ছে। এ সম্পর্কে বিস্তারিত জানানো হচ্ছে ঢাকা থেকে আমাদের বিশেষ সংবাদদাতার পাঠানো প্রতিবেদন :

দিন দিন বাংলাদেশে বাড়ছে বিভিন্ন শিল্পের প্রসার। যেখানে ধীরে ধীরে আমদানি নির্ভরতা কমানোর পক্ষেও চলছে নানা আয়োজন। এরই অংশ হিসেবে ঢাকার ধোলাইখাল খুবই প্রসিদ্ধ। এর বাইরেও বিভিন্ন এলাকায় চলছে হালকা শিল্প যন্ত্রাংশ তৈরির প্রচেষ্টা। এরই অংশ হিসেবে সম্প্রতি যশোরে উৎপাদিত হচ্ছে গাড়ির পার্টর্স, স্প্রিংপাতি ও বডি। হালকা প্রকৌশল পণ্য উৎপাদনে দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের জেলা যশোরে বিপ্লব সৃষ্টি হয়েছে। আমদানি নির্ভর এসব পণ্য এখন যশোরেই উৎপাদিত হচ্ছে। ফলে শুধু বৈদেশিক মুদ্রার সাশ্রয়ই নয়, আহরণও করছে। সৃষ্টি হচ্ছে, নতুন নতুন কর্মসংস্থান। অত্যন্ত সম্ভাবনাময় শিল্পের বিকাশে নানা অন্তরায় থাকলেও, এই শিল্পকে আরও এগিয়ে নিতে, শুল্কমুক্ত কাঁচামাল আমদানির দাবি করছেন সংশ্লিষ্টরা। এখন এখানে উৎপাদিত গাড়ির পার্টর্স ব্যবহার করছেন, দেশের প্রতিষ্ঠিত পরিবহন ও স্থানীয় রুটের গাড়ি ব্যবসায়ীরা। নতুন উদ্যোগে লাভবান হওয়ার কথাই জানালেন গাড়ি ব্যবসায়ী মাসুম হাসান ও মুকসিমুল আবেদিন। মাসুম হাসান (স্বকণ্ঠে): সকল পার্টর্স যেগুলো আগে আমাদের বিদেশ থেকে আনা লাগতো এখন বর্তমানে আমরা এগুলো আমাদের এখানেই তৈরি করে বাংলাদেশের সর্বত্রই সাপ্লাই দিচ্ছি। মুকসিমুল আবেদিন (স্বকণ্ঠে): বিভিন্ন পার্টি আসে, পার্টি এসে আমাদের এখানে অর্ডার দিয়ে যায় যে, এই জিনিসগুলো আমাদের করে দিতে হবে। আমাদের লোকজন দিয়ে আমরা এগুলো সেইভাবে করিয়ে দিই। স্থানীয়ভাবে উৎপাদন হওয়ায়, এসব যন্ত্রপাতির দাম তুলনামূলক কম। এছাড়া চাহিদা মতো তৈরি করে নেয়ার সুযোগও রয়েছে বলে জানিয়েছেন আরেক ব্যবসায়ী কাওসার বিশ্বাস ও আল-আমিন।কাওসার বিশ্বাস (স্বকণ্ঠে): যে কোন মডেলের ফর্মুলা দিয়ে গাড়ির পার্টর্সপাতি, যে কোন পার্টর্সপাতি, বিভিন্ন রকমের মাল ফর্মুলা অনুযায়ী তৈরি করি। আল-আমিন (স্বকণ্ঠে): বালি তৈরি করি, তারপরে বালি দিয়ে সাচ তৈরি করি। সাচ তৈরি করে আমরা এখান থেকে মাল গালায় দেয়। এই মাল নিয়ে যে আমাদের সাচে ঢালি। তবে বিভিন্ন এলাকায় স্থানীয়ভাবে সংগৃহীত লোহার ভাঙ্গারী গলিয়ে এসব পার্টর্স তৈরি করা হয়। তবে, এখন ভাঙ্গারী কম পাওয়া যাওয়ায়, কেমিক্যাল দিয়ে লোহাগুলো গলিয়ে, তা দিয়ে বিভিন্ন যন্ত্রাংশ তৈরি করা হয়। এর প্রসার বাড়ানোর দাবী স্থানীয় পরিবহন ব্যবসায়ী ওমর আলীর (স্বকণ্ঠে): বাইরে থেকে ভাঙ্গাড়ি আসে। দেশের ভাঙ্গাড়ি দিয়া দেশের পুরানো স্যালোমেশিন পাওয়ারটিলার যত টিউবওয়েল, এগুলা দিয়েই মালটা প্রসেস করা হয় কেমিক্যাল এর সাহায্যে। দেশীয় এই শিল্পকে টেকসই অবস্থানে নিতে সরকারের কাছে বিনা শুল্কে কাঁচামাল আমদানির দাবি করেছেন, যশোর চেম্বারের সাবেক সভাপতি মোঃ মিজানুর রহমান খান (স্বকণ্ঠে): রপ্তানি বাণিজ্যে বিশেষ করে তাদের অংশগ্রহণ করার জন্য শিল্পের সুবিধায় বিনাশুল্কে কাঁচামাল আমদানির সুযোগ দেওয়ার জন্য জোর আবেদন জানাচ্ছি। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২৩.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

# রেডিও টুডে

## উন্নয়ন সহযোগী দেশগুলোর সহযোগিতা কামনা করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

২০০৯ সাল থেকে সরকারের বাস্তবায়িত উন্নয়ন প্রকল্প কর্মসূচিগুলোর স্থায়িত্ব নিশ্চিত করতে ফ্রান্সসহ উন্নয়ন সহযোগীদের সহযোগিতা কামনা করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, বাংলাদেশের উন্নয়নকে টেকসই করতে হলে আমাদের আরও অনেক দূর এগিয়ে যেতে হবে। এক্ষেত্রে আমাদের ফ্রান্সসহ উন্নয়ন সহযোগীদের সহযোগিতা প্রয়োজন। মঙ্গলবার তার সরকারি বাসভবন গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে যান বাংলাদেশে নিযুক্ত ফরাসি রাষ্ট্রদূত ম্যারি মাসদুপুই। এ সময় শেখ হাসিনা এই আহ্বান জানান। একই দিনে বাংলাদেশে নিযুক্ত সৌদি রাষ্ট্রদূত ঈসা ইউসুফ ঈসা আল দুহাইলান প্রধানমন্ত্রীর সঙ্গে গণভবনে সাক্ষাৎ করতে এলে শেখ হাসিনা বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত করতে সৌদি আরবের আরও বিনিয়োগ প্রত্যাশা করেন।

(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৩.০১.২০২৪ রুবাইয়া)

## ৭ই জানুয়ারির নির্বাচন দেশে একটি ইতিহাস সৃষ্টি হয়েছে : প্রধানমন্ত্রী

আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জনগণ এবার নির্বাচনের স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেছে। কেউ কেউ ধূম্রজাল তৈরির চেষ্টা করলেও দেশের মানুষ এই নির্বাচন গ্রহণ করেছে। ৭ জানুয়ারি দেশে একটি ইতিহাস সৃষ্টি হয়েছে। সোমবার সন্ধ্যায় গণভবনে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের জরুরি সভায় এসব কথা বলেন তিনি। এতে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সদস্যরা অংশ নেন। প্রধানমন্ত্রী বলেন, ভরা মৌসুমে চালের দাম কমার কথা, তা বাড়ল কেন? কেউ অবৈধ মজুত করলে সাজা পেতে হবে। অসাধু চক্রকে খুঁজে বের করা হবে। অস্বাভাবিকভাবে দুরভিসন্ধিমূলক কোনো মজুদ পাওয়া গেলে প্রয়োজনে মোবাইল কোর্ট চালিয়ে মজুতদারদের জেলে দেয়া হবে। (রেডিও টুডে:৮৪৫ ঘ. ২২.০১.২০২৪ আসাদ)

## বিভিন্ন পক্ষের সঙ্গে সম্পর্ক গভীর করতে পদক্ষেপ গ্রহণ করবে যুক্তরাষ্ট্র : মার্কিন পররাষ্ট্র দপ্তর

বাংলাদেশের সঙ্গে অংশীদারিত্ব আরও গভীর করতে পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখবে যুক্তরাষ্ট্র। সোমবার ওয়াশিংটনে মার্কিন পররাষ্ট্র দপ্তরের নিয়মিত প্রেস ব্রিফিংয়ে মুখপাত্র বেদান্ত প্যাটেল এ কথা বলেন। এক প্রশ্নের জবাবে প্যাটেল

জানান, বাংলাদেশের সঙ্গে অংশীদারিত্ব জোরদারে যুক্তরাষ্ট্রের বেশ কয়েকটি উদ্যোগ আছে। আমরা এ সম্পর্ক জোরদারে নেওয়া উদ্যোগ অব্যাহত রাখব। তিনি আরো বলেন, সরকারের বাইরে বিভিন্ন পক্ষের সঙ্গেও আমাদের সহযোগিতার সুযোগ আছে। সম্পর্ক জোরদারে এই সহযোগিতাকেও আমরা গুরুত্বপূর্ণ বলে মনে করি।
(রেডিও টুডে১৩৪৫ ঘ. ২৩.০১.২০২৪ আসাদ)

**বাংলাদেশের নির্বাচন ও মানবাধিকার ইস্যুতে জাতিসংঘের অবস্থানের পরিবর্তন হয়নিঃ ডুজারিক**

বাংলাদেশের দ্বাদশ সংসদ নির্বাচন নিয়ে জাতিসংঘের অবস্থান আগের মতই রয়েছে। একই সঙ্গে নির্বাচনের পর জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার যা বলেছেন তাও অপরিবর্তিত রয়েছে। স্থানীয় সময় সোমবার জাতিসংঘের নিয়মিত ব্রিফিংয়ে সংস্থাটির মহাসচিব এন্তনিও গুতেরেসের মুখপাত্র স্টিফেন ডুজারিক এই মন্তব্য করেন। এ সময় বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের বিষয়ে তিনি বলেন, কাউকে কখনো প্রত্যাবাসন করা উচিত নয়। কোনো শরণার্থীকে জোর করে বা তাদের ইচ্ছার বিরুদ্ধে প্রত্যাবাসন করা উচিত নয়।
(রেডিও টুডে১৩৪৫ ঘ. ২৩.০১.২০২৪ আসাদ)

**৭ জানুয়ারির নির্বাচনে মানুষ আওয়ামী লীগকে প্রত্যাখ্যান করেছে : মঈন খান**

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান বলেছেন স্থানীয় সরকার নির্বাচনে আওয়ামী লীগ নৌকা প্রতীকে নির্বাচন করবে না। এটি আওয়ামী লীগের দ্বিতীয় চরম পরাজয়। তারা নিজেদের পরাজয় নিজেরাই স্বীকার করে নিয়েছে। নিজেদের নৌকা নিজেরাই ডুবিয়েছে। মঙ্গলবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে এক আলোচনা সভায় এসব কথা বলেন মঈন খান। বিএনপি'র এই নেতা আরো বলেন, মুখে যত হুমকি-ধামকি ও লাফালাফি করুক আওয়ামী লীগ বুঝতে পেরেছে সাত জানুয়ারির নির্বাচনে দেশের মানুষ নৌকা প্রত্যাখ্যান করেছে।
(রেডিও টুডে১৩৪৫ ঘ. ২৩.০১.২০২৪ আসাদ)

**দলীয় সরকারের অধীনে উপজেলা নির্বাচনে অংশ নেবে না বিএনপি : রিজভী**

দলীয় সরকারের অধীনে বিএনপি উপজেলা নির্বাচনে অংশ নেবে না বলে জানিয়েছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। মঙ্গলবার দুপুরে নয়া পল্টনে দলীয় কার্যালয় এক সংবাদ সম্মেলনে রিজভী বলেন দলীয় সরকারের অধীনে কখনোই সুষ্ঠু নির্বাচন সম্ভব নয়। জনগণের ইচ্ছার কোনো কর্ণপাত করে না সরকার। কিছু বিদেশি প্রভুকে খুশি করতেই সাত জানুয়ারি নির্বাচন করা হয়েছে বলে মন্তব্য করেন তিনি। (রেডিও টুডে১৩৪৫ ঘ. ২৩.০১.২০২৪ আসাদ)

**যশোরের বেনাপোল সীমান্তে বিএসএফের গুলিতে এক বিজিবি সদস্য নিহত**

যশোরের বেনাপোল সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বিএসএফের গুলিতে বিজিবির এক সদস্য নিহত হয়েছেন। সোমবার গভীর রাতে ৪৯ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল আহমেদ হাসান জামিল এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছেন সোমবার আনুমানিক ভোর সাড়ে পাঁচটার দিকে বিজিবি যশোর ব্যাটালিয়নের ধান্যখোলা জেলেপাড়া সংলগ্ন এলাকায় ভারত থেকে আসা একদল গরু চোরাকারবারিকে সীমান্ত অতিক্রম করে আসতে দেখে বিজিবির টহল দল তাদেরকে চ্যালেঞ্জ করে। চোরাকারবারিরা তখন দৌড়ে ভারতের দিকে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। এ সময় বিজিবি টহল দলের সদস্য সিপাহি মো. রইস উদ্দিন চোরাকারবারিদেরকে পেছনে ধাওয়া করতে করতে ঘন কুয়াশার মধ্যে দল বিচ্ছিন্ন হয়ে হয় পড়েন। পরে জানা যায় তিনি বিএসএফের গুলিতে আহত হয়ে ভারতের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। (রেডিও টুডে১৩৪৫ ঘ. ২৩.০১.২০২৪ আসাদ)

**বিএসএফ এর গুলিতে বিজিবি সদস্য নিহতের বিষয় একটি বিচ্ছিন্ন ঘটনা : নৌ-পরিবহন প্রতিমন্ত্রী**

বেনাপোল সীমান্তে বিএসএফের গুলিতে বিজিবি সদস্য নিহত হওয়ার বিষয়টি একটি বিচ্ছিন্ন ঘটনা বলে মন্তব্য করেছেন নৌ পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। মঙ্গলবার সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাই কমিশনারের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। প্রতিমন্ত্রী জানান, বিজিবি সদস্য নিহত হওয়ার বিষয়ে ভারতের হাই কমিশনারের সঙ্গে কোনো আলোচনা হয়নি। তিনি আরো জানান, অন এয়ারভাল ভিসা নিয়ে আলোচনা চলছে। শিগগিরই সুখবর মিলতে পারে। (রেডিও টুডে১৩৪৫ ঘ. ২৩.০১.২০২৪ আসাদ)

**নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করার জন্য সিঙ্গাপুর গেলেন ওবায়দুল কাদের**

সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার অংশ হিসেবে সিঙ্গাপুর গেছেন। মঙ্গলবার সকাল সাড়ে আটটার দিকে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের একটি ফ্লাইটে তিনি ঢাকা ছাড়েন। সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালে স্বাস্থ্য পরীক্ষা শেষে আগামী বৃহস্পতিবার ঢাকায় ফিরতে পারেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক। (রেডিও টুডে :১৩৪৫ ঘ. ২৩.০১.২০২৪ আসাদ)

**সর্বনিম্ন তাপমাত্রা চুয়াডাঙ্গা ও সিরাজগঞ্জে ৬.৬ ডিগ্রি সেলসিয়াস, ঢাকায় ১১.১ ডিগ্রি সেলসিয়াস**

রাজধানীতে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১১.১ ডিগ্রি সেলসিয়াস। ঢাকায় এটি এ বছরের সবচেয়ে সর্বনিম্ন তাপমাত্রা। এর পাশাপাশি আজ চুয়াডাঙ্গা ও সিরাজগঞ্জে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৬.৬ ডিগ্রি সেলসিয়াস। মঙ্গলবার আবহাওয়া অধিদপ্তরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা বলা হয়। বিজ্ঞপ্তিতে আরো বলা হয়,

আজ ঢাকাসহ দেশের চার বিভাগে মৃদু থেকে মাঝারি ধরনের শৈত্য প্রবাহ বয়ে যাচ্ছে। আগামীকাল বুধবারও দেশের বিভিন্ন স্থানে শৈত্য প্রবাহ বয়ে যেতে পারে। (রেডিও টুডে :১৩৪৫ ঘ. ২৩.০১.২০২৪ আসাদ)

**ময়মনসিংহের তারাকান্দিতে সড়ক দুর্ঘটনায় তিনজন নিহত**

ময়মনসিংহের তারাকান্দিতে আলুবোঝাই ট্রাকের সঙ্গে সংঘর্ষে চিনিবোঝাই পিকআপ ভ্যানের চালকসহ তিনজন নিহত হয়েছেন। মঙ্গলবার সকাল সাতটার দিকে ময়মনসিংহ-শেরপুর মহাসড়কের তারাকান্দা উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্স এলাকায় এই দুর্ঘটনা ঘটে। নিহত ব্যক্তিরা হলেন পিকআপ ভ্যানের চালক কামরুল ইসলাম, যাত্রী আব্দুল কাদের ও মিজানুর রহমান। নিহতদের বাড়ি একই জেলার হালুয়াঘাট উপজেলায়।

(রেডিও টুডে :১৩৪৫ ঘ. ২৩.০১.২০২৪ আসাদ)

**বাংলাদেশকে সহজ শর্তে নতুন করে ঋণ দিতে চায় বিশ্ব ব্যাংক**

বাংলাদেশকে সহজ শর্তে নতুন করে ঋণ দিতে চায় বিশ্ব ব্যাংক। পাশাপাশি বাংলাদেশের সাথে সম্পর্ক আরও শক্তিশালী ও সম্প্রসারিত করতে চায় সংস্থাটি। মঙ্গলবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ এর সঙ্গে বৈঠকে করেন বিশ্ব ব্যাংকের আবাসিক প্রতিনিধি আব্দুল্লাহ সেগ। এরপর সাংবাদিকদের সঙ্গে কথা বলেন পররাষ্ট্রমন্ত্রী। এ সময় মন্ত্রী জানান, রোহিঙ্গা ও আশ্রয়দাতা সম্প্রদায়ের জন্য ৭০০ মিলিয়ন ডলার সহায়তা দেবে বিশ্ব ব্যাংক। এর মধ্যে ৩১৫ মিলিয়ন রোহিঙ্গাদের জন্য আর বাকি অর্থ রোহিঙ্গা ও আশ্রয়দাতা সম্প্রদায়ের জন্য সফট লোন। তাছাড়া ন্যাম ও সাউথ সামিটের সব দেশ বাংলাদেশের নতুন সরকারকে অভিনন্দন জানিয়েছেন বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৩.০১.২০২৪ রুবাইয়া)

**মে মাসের শেষ সপ্তাহের মধ্যে উপজেলা পরিষদ নির্বাচন শেষ করতে চায় নির্বাচন কমিশন**

এসএসসি পরীক্ষা ও রোজার বিষয়টি চিন্তা করে এবার এপ্রিলের শেষ সপ্তাহ থেকে মে মাসের শেষ সপ্তাহের মধ্যে উপজেলা পরিষদ নির্বাচন শেষ করতে চায় নির্বাচন কমিশন। সিদ্ধান্ত চূড়ান্ত না হলেও এই নির্বাচনে ইভিএম-এ ভোট নেয়ার পরিকল্পনা রয়েছে কমিশনের। মঙ্গলবার রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব তথ্য জানান ইসি কমিশনার মোঃ আলমগীর। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৩.০১.২০২৪ রুবাইয়া)

**বর্তমান আইনে দলীয় প্রতীক বা প্রতীক ছাড়াও নির্বাচন করার সুযোগ আছে: তাজুল ইসলাম**

স্থানীয় সরকার মন্ত্রী তাজুল ইসলাম বলেছেন, বর্তমান আইনে দলীয় প্রতীক বা প্রতীক ছাড়াও নির্বাচন করার সুযোগ আছে। তাই আইন পরিবর্তন করার কোনো প্রয়োজন নেই। মঙ্গলবার সচিবালয়ে ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির প্রথম বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। স্থানীয় সরকার মন্ত্রী জানান আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে দলগুলো ইচ্ছে হলে প্রার্থীদের মনোনয়ন দিতেও পারে, নাও দিতে পারে। এতে আইনের কোনো ব্যত্যয় ঘটবে না। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৩.০১.২০২৪ রুবাইয়া)

**পাঠ্যবইয়ে আলোচিত শরিফার গল্প নিয়ে বিভ্রান্তি থাকলে পরিবর্তন করা হবে: শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল জানিয়েছেন, পাঠ্যবইয়ে আলোচিত শরিফার গল্প নিয়ে বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা করা হবে। কোনো বিভ্রান্তি থাকলে পরিবর্তন করা হবে। মঙ্গলবার সচিবালয়ে ঢাকায় নিযুক্ত ফ্রান্সের রাষ্ট্রদূতের সঙ্গে সৌজন্য সাক্ষাতের পর সাংবাদিকদের এ কথা বলেন শিক্ষামন্ত্রী।

(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৩.০১.২০২৪ রুবাইয়া)

**বারবার আবেদনের পরও তারা বিচার সংশ্লিষ্ট কাগজপত্র দেননি: ইউনূস-এর আইনজীবী মামুন**

শান্তিতে অর্থনীতিবিদ নোবেল জয়ী ড. মুহাম্মদ ইউনূস-এর আইনজীবী ব্যারিস্টার আব্দুল্লাহ আল মামুন বলেছেন যে, শ্রম আদালত ড. মুহাম্মদ ইউনূসকে কারাদণ্ড দিয়েছেন। তাদের কাছে বারবার আবেদনের পরও তারা তার মক্কেলকে বিচার সংশ্লিষ্ট কাগজপত্র দেননি। এর মাধ্যমে ড. ইউনূসকে হয়রানি ও মৌলিক অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে বলে অভিযোগ করেন আব্দুল্লাহ আল মামুন। মঙ্গলবার সুপ্রিম কোর্ট প্রাঙ্গণে এসব কথা বলেন তিনি।

(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৩.০১.২০২৪ রুবাইয়া)

## জাগো এফএম

**উপজেলা নির্বাচনে দলীয় প্রতীক না দিলেও আইনের ব্যত্যয় হবে না : স্থানীয় সরকারমন্ত্রী**

উপজেলা পরিষদ নির্বাচনে দলীয় প্রতীক না দেওয়া হলেও তা আইনের ব্যত্যয় হবে না বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম। আজ মঙ্গলবার সচিবালয়ে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক শেষে বেরিয়ে যাওয়ার সময় সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। উপজেলা নির্বাচনে দলীয় প্রতীক না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে আওয়ামী লীগ। এতে আইনের ব্যত্যয় হচ্ছে কি না, জানতে চাইলে স্থানীয় সরকার মন্ত্রী বলেন, 'আইনটি যেভাবে করা আছে, তাতে দলীয় প্রতীকেও হতে পারে, দলীয় প্রতীক ছাড়াও হতে পারে। কোনো দল যদি কাউকে দলীয় মনোনয়ন দিয়ে প্রতীক দেয় সেখানে নির্বাচন দলীয় প্রতীকে হবে। এছাড়া অপশন আছে, সেখানে স্বতন্ত্র নির্বাচন করতে পারে। আমি আইনটি দেখেছি, আইনটি ঠিক আছে।' তাজুল ইসলাম বলেন, 'আওয়ামী লীগ যদি মনে করে সেখানে দলীয়ভাবে মনোনয়ন দিয়ে দেবে, তাহলে সেই সিদ্ধান্ত নিতে পারে।

আবার দল যদি মনে করে না, আমরা এভাবে দলীয় মনোনয়ন কাউকে দেবো না, আবার কোথাও কোথাও দেবো, কোথাও কোথাও দেবো না, দল থেকে সেই সিদ্ধান্ত নেওয়ার সুযোগ আছে।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৩.০১.২০২৪ প্রতীক)

**জলবায়ু পরিবর্তন মোকাবিলায় কার্যক্রম বাড়াবে ইউএনডিপি : পরিবেশমন্ত্রী**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী সাবের হোসেন চৌধুরী বলেছেন, 'দেশের সার্বিক পরিবেশ ও বনের উন্নয়নে এবং জলবায়ু পরিবর্তন মোকাবিলায় জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি বাংলাদেশে তাদের কার্যক্রম বৃদ্ধি করবে।' তিনি বলেন, 'এ লক্ষ্যে বর্তমান সরকার জাতীয় অভিযোজন পরিকল্পনা ও মুজিব জলবায়ু সমৃদ্ধি পরিকল্পনা বাস্তবায়নে ইউএনডিপির সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করবে।' আজ মঙ্গলবার বাংলাদেশ সচিবালয়ে তার অফিস কক্ষে ইউনাইটেড নেশনস ডেভেলপমেন্ট প্রোগ্রাম, ইউএনডিপি এর আবাসিক প্রতিনিধি স্টেফান লিলারের নেতৃত্বে প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকে পরিবেশমন্ত্রী এ আশাবাদ ব্যক্ত করেন। পরিবেশমন্ত্রী বলেন, 'সরকার বর্জ্যমুক্ত বিদ্যালয় ও গ্রাম কর্মসূচি বাস্তবায়নে ইউএনডিপির সঙ্গে কাজ করতে আগ্রহী।' তিনি বলেন, 'জীববৈচিত্র্য সংরক্ষণ, উদ্ভাবন ও গবেষণা, নবায়নযোগ্য শক্তি, প্রযুক্তি স্থানান্তর ও সক্ষমতা বৃদ্ধি ইত্যাদি বিষয়েও দুইপক্ষ একযোগে কাজ করবে।' এসময় ইউএনডিপির আবাসিক প্রতিনিধি বলেন, 'ইউএনডিপি বাংলাদেশের টেকসই উন্নয়নে অভীষ্ট লক্ষ্য অর্জন, সেন্সর বেইজড মনিটরিং, জলাভূমি সংরক্ষণ, বর্জ্য ব্যবস্থাপনা প্রভৃতি কার্যক্রমে একযোগে কাজ করবে।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৩.০১.২০২৪ প্রতীক)

**বাংলাদেশে বাণিজ্য সম্প্রসারণে আগ্রহী মিশর : বস্ত্র ও পাটমন্ত্রী**

বাংলাদেশের সঙ্গে দ্বিপাক্ষিক বাণিজ্য বাড়াতে আগ্রহ প্রকাশ করছে মিশর। এ বিষয়ে দুই দেশের মধ্যে দ্রুত একটি যৌথ প্রটোকল সই হওয়ার সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন বস্ত্র ও পাটমন্ত্রী এবং আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য জাহাঙ্গীর কবির নানক। আজ মঙ্গলবার দুপুরে বস্ত্র ও পাটমন্ত্রীর সঙ্গে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বাংলাদেশে নিযুক্ত মিশরের রাষ্ট্রদূত ওমর মহিম এলদিন আহমেদ ফাহমি সৌজন্য সাক্ষাৎ করেন। বৈঠকে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব আব্দুর রউফ ও দূতাবাসের দ্বিতীয় সচিব মিনা মাকারি উপস্থিত ছিলেন। মন্ত্রী বলেন, 'মিশরের রাষ্ট্রদূত প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন বাংলাদেশের বর্তমান সরকারকে সমর্থন জানিয়েছেন। তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনা পঞ্চমবারের মতো সরকার গঠন করায় তাকে অভিনন্দন জানিয়েছেন। এছাড়াও প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশে যে অভূতপূর্ব উন্নয়ন হয়েছে তার প্রশংসা করেছেন। গত বছর মিশর ও বাংলাদেশের কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর উদ্‌যাপন করা হয়েছে। এ বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ভবিষ্যতেও অটুট থাকবে বলে রাষ্ট্রদূত আশাবাদ ব্যক্ত করেন।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৩.০১.২০২৪ প্রতীক)

**বিশ্ব ইজতেমায় মুসল্লিদের সুবিধায় রেলওয়ের নানান উদ্যোগ**

আসন্ন বিশ্ব ইজতেমায় যাতায়াতের সুবিধার্থে ১৭টি স্পেশাল ট্রেন চালুর পাশাপাশি মুসল্লিদের সেবায় বেশকিছু উদ্যোগ গ্রহণ করেছে বাংলাদেশ রেলওয়ে। আজ মঙ্গলবার বেলা সাড়ে ১১টায় রেলভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে রেলওয়ের মহাপরিচালক মোঃ কামরুল আহসান এসব উদ্যোগের কথা তুলে ধরেন। এসময় রেলমন্ত্রী মোঃ জিল্লুল হাকিম উপস্থিত ছিলেন। রেলওয়ের মহাপরিচালক বলেন, 'যাত্রী সাধারণকে ট্রেন সম্পর্কে তথ্য জানানোর জন্য এবং ট্রেনের ছাদে ভ্রমণ প্রতিরোধে সার্বক্ষণিক মাইকিংয়ের ব্যবস্থা করা হবে। ইজতেমা উপলক্ষ্যে ঢাকা থেকে জয়দেবপুর পর্যন্ত সব স্টেশনে আইনশৃঙ্খলা রক্ষার সুবিধার্থে পুলিশ এবং রেলওয়ে নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হবে। টঙ্গী, জয়দেবপুর, ঢাকা, ঢাকা বিমানবন্দর, ঢাকা ক্যান্টনমেন্ট স্টেশনে সিসি ক্যামেরা সমূহ কার্যকর রাখা হবে। এছাড়াও টঙ্গী স্টেশনে অতিরিক্ত সিসি ক্যামেরা সংযোজন করা হবে।' তিনি আরো বলেন, 'ইজতেমা শুরুর তিনদিন আগে থেকে আখেরি মোনাজাত পর্যন্ত নির্দিষ্ট এলাকা ট্র্যাক ও ব্রিজ প্যাট্রোলিং করা হবে। ফায়ার সার্ভিসের একটি দলকে ইজতেমা চলাকালীন সার্বক্ষণিক টঙ্গী স্টেশন এলাকায় নিয়োজিত রাখার ব্যবস্থা করা হয়েছে। ইজতেমা শুরু থেকে বিশেষ করে আখেরি মোনাজাতের দিন ট্রেনের ছাদ থেকে ভ্রমণকারীদের নামানোর ব্যবস্থা করতে হবে। পিএ সিস্টেমের মাধ্যমে ইঞ্জিন ও বাফারে ভ্রমণ না করার জন্য যাত্রী সাধারণকে অবহিত করা হবে।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৩.০১.২০২৪ প্রতীক)

**ভারতের অন-অ্যারাইভাল ভিসা পাওয়ার ক্ষেত্রে ভালো সংবাদ পাব : নৌপরিবহন প্রতিমন্ত্রী**

ভারতে অন-অ্যারাইভাল ভিসা পাওয়ার ক্ষেত্রে ভালো সংবাদ পাওয়া যাবে বলে জানিয়েছেন নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। আজ মঙ্গলবার সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মার সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী এ কথা বলেন। নৌ, স্থল এবং নদীবন্দরে যোগাযোগ বাড়ানোর কথা বলছেন, কিন্তু ভিসা জটিলতা রয়ে গেছে। এ বিষয়ে হাইকমিশনারের সঙ্গে কোনো আলোচনা হয়েছে কি না, জানতে চাইলে নৌ প্রতিমন্ত্রী বলেন, 'ভিসা নিয়ে আমাদের কথা হয়েছে। যারা চিকিৎসা করতে যায় এক সপ্তাহের মধ্যে তাদের সব ফর্মালিটি শেষ হয়। আমরা বলেছি, যেহেতু নৌ-পর্যটন শুরু হয়েছে, এরই মধ্যে দুটি যাত্রীবাহী ক্রুজ চলে গেছে কলকাতায়। অন-অ্যারাইভাল ভিসা নিয়ে কথা বলেছি, এগুলো নিয়ে তারা কাজ করবে। এ ব্যাপারে আমরা আরো

ভালো সংবাদ পাব।' ভারত ও চীনের রাষ্ট্রদূতরা সম্প্রতি বিভিন্ন মন্ত্রণালয়ে যাচ্ছেন, এটা কি অন্য কোনো দেশকে কী কোনো মেসেজ দেওয়া- এ বিষয়ে খালিদ মাহমুদ চৌধুরী বলেন, 'বাংলাদেশের নির্বাচনকে ঘিরে রাজনৈতিক অস্থিরতা তৈরি করার জন্য অনেকেই কথা বলেছিল। প্রধানমন্ত্রী সেটা সাহসিকতার সঙ্গে মোকাবিলা করেছেন। যারা নির্বাচন নিয়ে শঙ্কায় ছিল তারাও কিন্তু বাংলাদেশের সঙ্গে চলে এসেছে। যে শঙ্কাটা ছিল সেটা কিন্তু নির্বাচনে দেখা যায়নি।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ২৩.০১.২০২৪ প্রতীক)

**এপ্রিলের শেষ সপ্তাহ থেকে উপজেলা নির্বাচন : ইসি আলমগীর**

এসএসসি পরীক্ষা ও রোজার বিষয়টি চিন্তা করে এবার এপ্রিলের শেষ সপ্তাহ থেকে মে মাসের শেষ সপ্তাহের মধ্যে উপজেলা পরিষদ নির্বাচন শেষ করতে চায় নির্বাচন কমিশন, ইসি। ঠিক কোন পদ্ধতিতে ভোট হবে সে বিষয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত নিতে পারেনি সাংবিধানিক এ সংস্থা। তবে স্থানীয় সরকারের এ ভোটে ইলেকট্রনিক ভোটিং মেশিন, ইভিএম পদ্ধতি ব্যবহারের পরিকল্পনা রয়েছে কমিশনের। আজ মঙ্গলবার রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব পরিকল্পনার কথা জানান নির্বাচন কমিশনার মোঃ আলমগীর। এই কমিশনার বলেন, 'উপজেলা নির্বাচন করার সময় যেটা, সে সময়টা চলে এসেছে। সামনে এসএসসি পরীক্ষা শুরু হয়ে যাচ্ছে, এরপর রোজা। রোজার মধ্যে তো নির্বাচন করা সম্ভব না। ঈদের পরপরই যাতে নির্বাচন হয় সেইভাবে আমরা প্রস্তুতি নিচ্ছি। এপ্রিলের শেষ সপ্তাহ থেকে শুরু হয়ে মে মাসের শেষ সপ্তাহের মধ্যে শেষ করব।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৩.০১.২০২৪ প্রতীক)

**ফেব্রুয়ারি থেকে আনুষ্ঠানিকভাবে ডব্লিউএইচও এর দায়িত্বে সায়মা ওয়াজেদ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার কন্যা সায়মা ওয়াজেদ পুতুলকে আগামী পাঁচ বছরের জন্য দক্ষিণ-পূর্ব এশিয়ার পরিচালক হিসেবে আনুষ্ঠানিকভাবে নিয়োগ দিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। আগামী পহেলা ফেব্রুয়ারি থেকে দায়িত্ব পালন করবেন তিনি। শনিবার, ২০ জানুয়ারি সায়মা ওয়াজেদকে আনুষ্ঠানিকভাবে নিয়োগ দেয় বিশ্ব স্বাস্থ্য সংস্থা। বর্তমানে ডব্লিউএইচওর দক্ষিণ-পূর্ব এশিয়ার পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন পুনম ক্ষেত্রপাল সিং। ২০২৩ সালের ১ নভেম্বর সায়মা ওয়াজেদ বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ–পূর্ব এশিয়া অঞ্চলের পরিচালক নির্বাচিত হন। ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠিত ডব্লিউএইচও-এর আঞ্চলিক সম্মেলনে এ নির্বাচন হয়। নির্বাচনে সায়মা ওয়াজেদ নির্বাচিত হয়েছেন। তিনি আগামী পাঁচ বছরের জন্য দায়িত্ব পালন করবেন। (জাগো এফএম : ১৭০০ ঘ. ২৩.০১.২০২৪ প্রতীক)

**বাংলাদেশের অনেক নারী গুরুত্বপূর্ণ তথ্য প্রাপ্তির ক্ষেত্রে বাধার সম্মুখীন হচ্ছেন : প্রধান তথ্য কমিশনার**

বাংলাদেশে তথ্য প্রাপ্তির অধিকারে নারীর অগ্রগতি শীর্ষক প্রকল্পের উদ্বোধন করেছে তথ্য কমিশন। ২০২৮ সালের মধ্যে ১০ জেলায় বাস্তবায়িত হবে প্রকল্পটি। আজ মঙ্গলবার সকালে আগারগাঁওয়ের তথ্য কমিশন কার্যালয়ে উদ্বোধন অনুষ্ঠান করে কমিশন। যৌথভাবে এই অনুষ্ঠানের আয়োজন করে তথ্য কমিশন ও দ্যা কার্টার সেন্টার। অনুষ্ঠানে জানানো হয়, ইউএসএআইডির আর্থিক সহযোগিতায় বাংলাদেশে তথ্য প্রাপ্তির অধিকারে নারীর অগ্রগতি শীর্ষক প্রকল্পটি ২০২৮ সাল নাগাদ ১০ জেলায় বাস্তবায়িত হবে। তথ্য অধিকার আইন ২০০৯ ব্যবহার করে প্রান্তিক নারীদের সম্ভাবনাকে কাজে লাগানোর লক্ষ্যে হাতে নেওয়া হয়েছে প্রকল্পটি। অনুষ্ঠানে প্রধান তথ্য কমিশনার ড. আবদুল মালেক ছাড়াও আরো উপস্থিত ছিলেন, তথ্য কমিশনার মাসুদা ভাট্টি, শহীদুল আলম ঝিনুক, কমিশন সচিব জুবাইদা নাসরীন, কার্টার সেন্টারের চিফ অব পার্টি সুমনা সুলতানা মাহমুদসহ বিভিন্ন প্রতিষ্ঠানের ৬৪ কর্মকর্তা। প্রধান তথ্য কমিশনার ড. আবদুল মালেক বলেন, 'বাংলাদেশের অনেক নারী এখনো গুরুত্বপূর্ণ তথ্য প্রাপ্তির ক্ষেত্রে বাধার সম্মুখীন হচ্ছেন। এটি কেবল সুবিধার বিষয় নয়, এটি অর্থনৈতিক সুযোগ, স্বাস্থ্যসেবা, শিক্ষা এবং শেষ পর্যন্ত ক্ষমতায়ন সম্পর্কে। তথ্য আমাদের সব জায়গায় ছড়িয়ে দিতে হবে। তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতের মাধ্যমে স্বচ্ছতা, জবাবদিহি ও শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের মাধ্যমে একটি সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে সবাইকে ভূমিকা রাখতে হবে।' তিনি আরো বলেন, 'আমাদের বিদ্যমান আইনকে সামনে রেখে এগিয়ে যেতে হবে।' টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনে তথ্য অধিকার আইনের সুফল জনগণের দোরগোড়ায় পৌঁছানোর আহ্বান জানান তিনি। (জাগো এফএম : ১৭০০ ঘ. ২৩.০১.২০২৪ প্রতীক)

**ঢাকার ৯ কেন্দ্রে চলছে করোনার টিকা কার্যক্রম**

দেশে বাড়ছে করোনার সংক্রমণ। তাই দ্রুত টিকা দিতে নির্দেশনা দিয়েছে স্বাস্থ্য অধিদফতর। স্বাস্থ্য অধিদফতরের নির্দেশনায় গত ২১ জানুয়ারি থেকে ঢাকার ৯টি কেন্দ্রে শুরু হয়েছে টিকা কার্যক্রম। এর আগে গত বৃহস্পতিবার, ১৮ জানুয়ারি টিকা দেওয়ার নির্দেশনা দেয় অধিদফতর। আজ মঙ্গলবার স্বাস্থ্য অধিদফতরের কোভিড-১৯ ভ্যাকসিন ব্যবস্থাপনা টাস্কফোর্স বিভাগের সদস্য সচিব ডা. মোহাম্মদ নিজাম উদ্দিন এ তথ্য জানান। তিনি জানান, 'আমরা প্রয়োজনীয় টিকা কেন্দ্রে পাঠিয়ে দিয়েছি। টিকা কার্যক্রম চলছে। অগ্রাধিকার ভিত্তিতে সম্মুখসারির স্বাস্থ্যকর্মী, ৬০ বছর এবং তদূর্ধ্ব বয়সী জনগোষ্ঠী, দীর্ঘমেয়াদি রোগে আক্রান্ত ১৮ বছর এবং তদূর্ধ্ব বয়সী জনগোষ্ঠী, স্বল্প রোগ প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন প্রাপ্ত বয়স্ক জনগোষ্ঠী ও অন্তঃসত্ত্বা নারীদের প্রাধান্য দিয়ে টিকা কার্যক্রম শুরু হয়েছে।' সবাইকে সংশ্লিষ্ট কেন্দ্রে গিয়ে টিকা নেওয়ার আহ্বান জানান তিনি। কেন্দ্রগুলো হলো বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, মিডফোর্ড

হাসপাতাল, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, শেখ রাসেল জাতীয় গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল, ফুলবাড়িয়া সরকারি কর্মচারী হাসপাতাল, জাতীয় নাক-কান-গলা ইনস্টিটিউটসহ ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকার কিছু জায়গায় টিকা দেওয়া হচ্ছে।
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৩.০১.২০২৪ প্রতীক)

## আইনের শাসন প্রতিষ্ঠা করেছি, ইতিহাস বিকৃতি বন্ধ করেছি : প্রধানমন্ত্রী

আগামীকাল ২৪ জানুয়ারি ৬৯-এর গণঅভ্যুত্থান দিবস। এ উপলক্ষ্যে আজ মঙ্গলবার বিকেলে বাণী দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বাণীতে তিনি বলেছেন, '৬৯-এর গণঅভ্যুত্থান বাংলাদেশের ইতিহাসে এক তাৎপর্যপূর্ণ অধ্যায়। ৫২-এর ভাষা আন্দোলন, বাঙালির মুক্তি সনদ ৬-দফা, পরবর্তীকালে ১১-দফা ও ৬৯-এর গণঅভ্যুত্থানের ধারাবাহিকতায় সশস্ত্র মুক্তিযুদ্ধের মাধ্যমে আমরা অর্জন করেছি মহান স্বাধীনতা; পেয়েছি স্বাধীন-সার্বভৌম রাষ্ট্র বাংলাদেশ। সরকার মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে দেশের সার্বিক উন্নয়ন ও অগ্রযাত্রা অব্যাহত রেখেছে। গত ১৫ বছরে নিরলস পরিশ্রম করে দেশের আর্থ-সামাজিক সকল খাতে অভূতপূর্ব উন্নয়ন করা হয়েছে। তৃণমূল পর্যায় পর্যন্ত মানুষ উন্নয়নের সুফল উপভোগ করছে।' প্রধানমন্ত্রী বলেন, 'ক্ষমতায় এসে আমরা জাতিকে মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস উপহার দিয়েছি। আইনের শাসন প্রতিষ্ঠা করেছি, ইতিহাস বিকৃতি বন্ধ করেছি। অবৈধভাবে রাষ্ট্রীয় ক্ষমতা দখলের পথ চিরতরে রুদ্ধ করেছি। যুদ্ধাপরাধীদের বিচার করেছি এবং রায় কার্যকর করছি। নতুন প্রজন্ম দেশের সঠিক ইতিহাস জানতে পারছে।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২৩.০১.২০২৪ প্রতীক)

## স্বাস্থ্য পরীক্ষার জন্য সিঙ্গাপুর গেলেন সেতুমন্ত্রী

স্বাস্থ্য পরীক্ষার জন্য আজ মঙ্গলবার সিঙ্গাপুরের উদ্দেশ্যে ঢাকা ছেড়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। আজ মঙ্গলবার সকাল ৮টা ৩০ মিনিটে বিমান বাংলাদেশের একটি ফ্লাইটে তিনি ঢাকা ছাড়েন। সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালে স্বাস্থ্য পরীক্ষা শেষে ২৫ জানুয়ারি ঢাকা ফেরার কথা রয়েছে তার। (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৩.০১.২০২৪ প্রতীক)

## ৭০০ মিলিয়ন ডলার সহায়তা দেবে বিশ্বব্যাংক : পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, 'রোহিঙ্গা ও আশ্রয়দাতা সম্প্রদায়ের জন্য ৭০০ মিলিয়ন ডলার সহায়তা দেবে বিশ্বব্যাংক। এর মধ্যে ৩১৫ মিলিয়ন ডলার রোহিঙ্গাদের জন্য, আর বাকি ৩৮৫ মিলিয়ন ডলার রোহিঙ্গা ও আশ্রয়দাতা সম্প্রদায়ের জন্য সফট লোন।' আজ মঙ্গলবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে ঢাকায় নিযুক্ত বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর আবদৌলায়ে সেকের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এ তথ্য জানান মন্ত্রী। পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টরের সঙ্গে বৈঠক হয়েছে। তিনি জানিয়েছেন, রোহিঙ্গা ও আশ্রয়দাতা সম্প্রদায়ের জন্য ৭০০ মিলিয়ন ডলার সহায়তা দেবে বিশ্বব্যাংক। বিশ্বব্যাংক সম্পর্ক বাড়ানোর কথা বলেছে। আমাদের সঙ্গে তারা আরো সম্পৃক্ততা বাড়াতে চায়।' সীমান্তে বর্ডার গার্ড বাংলাদেশ, বিজিবির সদস্য নিহত হওয়া প্রসঙ্গে জানতে চাইলে তিনি জানান, 'আমি এখনো পর্যন্ত অবগত নই। পরবর্তীতে জানানো হবে।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৩.০১.২০২৪ প্রতীক)

## বিদেশি পর্যটক বাড়াতে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে : পর্যটনমন্ত্রী

দেশি-বিদেশি পর্যটকের সংখ্যা বাড়ানোর জন্য দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী মুহাম্মদ ফারুক খান। আজ মঙ্গলবার রাজধানীর আগারগাঁওয়ে পর্যটন ভবনে অবস্থিত বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ও পর্যটন কর্পোরেশন পরিদর্শনকালে কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে তিনি এ কথা বলেন। পরিদর্শনকালে মন্ত্রণালয়ের সচিব মোঃ মোকাম্মেল হোসেন উপস্থিত ছিলেন। মুহাম্মদ ফারুক খান বলেন, 'বাংলাদেশের মানুষের জীবনমান উন্নয়নের কারণে দেশে অভ্যন্তরীণ পর্যটকের সংখ্যা বেড়েছে, এটি আনন্দের কথা। এখন আমাদের বিদেশি পর্যটকের সংখ্যা বাড়ানোর বিষয়ে মনোযোগ দিতে হবে।' মন্ত্রী বলেন, 'বিদেশি পর্যটকদের জন্য ভিসা সহজীকরণ, তাদের দ্রুততম সময়ে ভিসা দেওয়া, অন-অ্যারাইভাল ভিসার আওতা বৃদ্ধি নিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনা করে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে। এছাড়া তাদের জন্য এয়ারপোর্টে বিশেষ সার্ভিস চালুকরণ ও দক্ষ ট্যুর গাইড তৈরির বিষয়েও গুরুত্বারোপ করেন মন্ত্রী। (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৩.০১.২০২৪ প্রতীক)

## সারের মজুদ পর্যাপ্ত, বোরো মৌসুমে সংকট হবে না : কৃষিমন্ত্রী

দেশে সারের পর্যাপ্ত মজুদ আছে। বোরো মৌসুমে কোনো সংকট হবে না বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুস শহীদ। আজ মঙ্গলবার দুপুরে সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী এ কথা জানান। এর আগে ঢাকায় নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত আলেক্সান্ডার মান্টিটস্কি কৃষিমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। মন্ত্রী বলেন, 'সারের পর্যাপ্ত মজুদ রয়েছে। বোরো মৌসুমে সারের কোনো রকম সংকট হবে না। চলমান বছরের মার্চ মাস পর্যন্ত ইউরিয়া সারের সম্ভাব্য চাহিদা ৮ লাখ ৮৬ হাজার টন। এর বিপরীতে বর্তমান মজুদ ও সম্ভাব্য পাইপলাইন মিলিয়ে মোট মজুদ হবে ১৩ লাখ ৫১ হাজার টন। একইভাবে টিএসপির ২ লাখ ৪১ হাজার টন চাহিদার বিপরীতে মজুদ হবে ৩ লাখ ৮৮ হাজার টন। ডিএপির ৩ লাখ ১৪ হাজার টন চাহিদার বিপরীতে মজুদ হবে ৪ লাখ ৭৬ হাজার টন। এছাড়া এমওপির ২ লাখ ২৩ হাজার টন চাহিদার বিপরীতে মজুদ হবে ৫ লাখ ২৭ হাজার টন।' তিনি বলেন, 'পণ্যের দাম যাতে নিয়ন্ত্রণে থাকে,

সেটি আমরা দেখব। চালের দাম বাড়লে তাতে মানুষের ওপর চাপ পড়ে। এ বিষয়ে আমরা সজাগ আছি। এ বিষয়ে আমাদের মন্ত্রণালয় থেকে যেখানে যতটুকু সহযোগিতা দরকার, সেটি করা হবে। আমরা চেষ্টা করব যাতে দাম বেড়ে না যায়। কৃষকরাও যাতে দাম পায়, আবার মজুদদারিও যাতে না হয়।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২৩.০১.২০২৪ প্রতীক)

**পাঠ্যবইয়ে শরীফার গল্প নিয়ে বিভ্রান্তি থাকলে সংশোধন হবে : শিক্ষামন্ত্রী**

পাঠ্যবইয়ে আলোচিত শরীফার গল্প নিয়ে বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা করা হবে, কোনো বিভ্রান্তি থাকলে পরিবর্তন হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল। আজ মঙ্গলবার দুপুরে সচিবালয়ে নিজ দফতরে ঢাকায় নিযুক্ত ফ্রান্সের রাষ্ট্রদূত ম্যারি মাসদুপুইয়ের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। ব্র্যাকের বিতর্ক প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, 'বিষয়টি নিয়ে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আলোচনা করব। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মাধ্যমে ঘটনাটি জেনে তারপর আলোচনা করব। সামাজিক যোগাযোগ মাধ্যমে আমরা একটি ভিডিও দেখেছি। শরীফা গল্পটি নিয়ে গতবারও বিতর্ক উঠেছিল, এবার শিক্ষার্থীরা আন্দোলন করছেন।' এ বিষয়ে তিনি বলেন, 'সেটা জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে যারা সহকর্মী আছেন তাদের সঙ্গে আলোচনা করব। যদি একটি গল্প নিয়ে প্রতিক্রিয়া হয়, কেন হচ্ছে সেটাও খতিয়ে দেখতে হবে। আমাদের দেশে একটি গোষ্ঠীর ধর্ম ব্যবহার করে অরাজকতা ও অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টির প্রবণতা আছে। গত বছরও সেটা ছিল। একটি সংগঠন থেকে কিছুদিন আগে আমার কাছে কিছু সুপারিশ দেওয়া হয়েছিল, কওমি মাদরাসার কিছু শিক্ষক এসেছিলেন। সেখানে তারা দাবি করেছেন যে এখানে ট্রান্সজেন্ডার শব্দটা ব্যবহার করা হয়েছে। বিভ্রান্তি সৃষ্টির বিষয়টি তারা আমাদের নজরে এনেছিলেন। আমরা যখন আলোচনা করেছি তখন দেখেছি শব্দটা ট্রান্সজেন্ডার নয়, থার্ড জেন্ডার।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২৩.০১.২০২৪ প্রতীক)

**রেলকে লাভজনক করার জন্য সরকার কাজ করছে : রেলমন্ত্রী**

দেশের রেল খাতকে লাভজনক এবং গণমুখী করার জন্য সরকার কাজ করছে বলে জানিয়েছেন রেলমন্ত্রী মোঃ জিল্লুল হাকিম। আজ মঙ্গলবার রেলভবনে সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। রেলমন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আসার পর থেকে রেলের বিভিন্ন অবকাঠামো নির্মাণসহ রেলকে সময়োপযোগী করার চেষ্টা করছেন। রেলকে লাভজনক করার জন্য প্রয়োজন ভূমির যথাযথ ব্যবহার, চলমান প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়ন ও দুর্নীতি নির্মূল করা। এ বিষয়গুলোর প্রতি আমরা জোর দেবো।' সম্প্রতি রেলে নাশকতার ঘটনায় তদন্তের বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, 'এসব ঘটনার এখনো তদন্ত চলছে। তদন্ত রিপোর্ট পেলে অথেনটিক তথ্য দিতে পারব।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২৩.০১.২০২৪ প্রতীক)

**জুলাই থেকে অবৈধ মোবাইল ফোন বন্ধ : তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী**

আগামী জুলাই মাস থেকে অবৈধ বা অনিবন্ধিত মোবাইল ফোন বন্ধ হয়ে যাবে বলে জানিয়েছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। আজ মঙ্গলবার বিকেলে সচিবালয়ে ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত চার্লস হুইটলির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ তথ্য জানান প্রতিমন্ত্রী। অবৈধ বা অনিবন্ধিত ফোন কবে থেকে বন্ধ হবে, জানতে চাইলে পলক বলেন, 'আমরা আশা করছি যে, আমাদের ৫ মাস সময় লাগবে টেকনোলজি ডেভেলপ করা, টেস্টিং করা এবং এটা অপারেশন করতে। হঠাৎ করে আমরা এমন কোনো নীতি চাপিয়ে দিতে চাই না যাতে করে একটা অস্থিরতা তৈরি হয়।' তিনি বলেন, 'এ কারণে আমরা প্রথম থেকে বলছি যে, অবৈধ পথে কেউ যেন ফোন না নিয়ে আসে। অবৈধ পথে কেউ যেন ফোন ক্রয় না করে, যাতে করে পরে তারা ক্ষতিগ্রস্ত না হয়। সেজন্য আমরা একটা রিজেনেবল টাইম দিচ্ছি, আগামী তিন মাসে আমরা টেকনোলজি ডেভেলপ করব, পরে দুই মাসে টেস্টিং করব। আমাদের প্রত্যাশা জুলাই মাসের মধ্যে এটা অপারেশনাল করব। সুতরাং এসময়ের মধ্যে যাতে সবাই সতর্ক থাকে এবং এ অবৈধ পথ পরিহার করে সঠিক পথে কেনেন।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২৩.০১.২০২৪ প্রতীক)

**সীমান্তে বিজিবিরও নিরাপত্তা নেই : রিজভী**

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, 'দেশের অভ্যন্তরে মানুষের যেমন নিরাপত্তা নেই, সীমান্তে কি বাংলাদেশিদের নিরাপত্তা রয়েছে? এতদিন দেখেছি, বিএসএফের হাতে সাধারণ বাংলাদেশি নিহত হয়েছে। আর এখন দেখছি, সীমান্তে বিজিবিরও নিরাপত্তা নেই।' রিজভী বলেন, 'গতকালও যশোর সীমান্তের ধান্যখোলা বিওপির জেলেপাড়া পোস্ট সংলগ্ন এলাকায় বিএসএফের গুলিতে মোহাম্মদ রইস উদ্দীন নামে এক বিজিবি সদস্য নিহত হয়েছেন। অন্য দেশের সীমান্তরক্ষী বাহিনীর হাতে আরেকটা স্বাধীন দেশের সীমান্তরক্ষী বাহিনী হত্যা কোনো সাধারণ ঘটনা নয়, বরং এটির সঙ্গে রাষ্ট্রের স্বাধীনতা ও সার্বভৌমত্বের প্রশ্ন জড়িত।' আজ মঙ্গলবার দুপুরে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৩.০১.২০২৪ প্রতীক)

# BBC

**ISRAEL SAYS 24 SOLDIERS KILLED IN GAZA IN ONE DAY**

The Israeli army says 24 of its soldiers were killed in Gaza on Monday - the deadliest day for its forces since their ground operation began. That includes 21 reservists who died in an explosion likely caused by mines that Israeli forces had placed in two buildings to demolish them, the Israeli Defence Forces (IDF) said. It is thought a missile fired by Palestinian armed fighters hit a tank near the buildings. The IDF is investigating what happened. According to Gaza's Hamas-run Health Ministry, 195 Palestinians have been killed in the past day.
(BBC Web Page: 23/01/24, FARUK)

**CIVILIANS DEAD IN RUSSIA STRIKES ON KYIV AND KHARKIV**

Four people have been killed and dozens of people wounded in Russian missile attacks targeting the Ukrainian capital Kyiv and second biggest city Kharkiv, according to officials. Residential buildings were hit early on Tuesday in the north-eastern city of Kharkiv, leaving three people killed and another 42 injured. They included two women of 40 and 56. The city mayor said part of a block of flats was destroyed and rescue workers were combing the rubble for survivors. At least one person was killed in the industrial city of Pavlohard in the Dnipropetrovsk region. (BBC Web Page: 23/01/24, FARUK)

**TRUMP AND HALEY TO GO HEAD-TO-HEAD IN NEW HAMPSHIRE**

Donald Trump will face his last remaining Republican opponent, Nikkii Haley, in a primary election in New Hampshire on Tuesday. The former US president is hoping to deliver a knockout blow to the ex-South Carolina governor's campaign to be the Republican nominee. Ms Haley hopes New Hampshire's bloc of independent voters will help her pull off an upset victory. The contest follows Mr Trump's landslide win last week in Iowa. The eventual Republican nominee will challenge the Democrat nominee, likely President Joe Biden, in November's general election.
(BBC Web Page: 23/01/24, FARUK)

**RESCUERS RACE TO FIND MISSING AS LANDSLIDE KILLS 20**

The death toll from a landslide in China's Yunnan province has risen to 20, while 24 people remain missing. The landslide in Zhaotong occurred at 05:51 local time on Monday, traping dozens of people. Rescuers are racing against time and working through sub-zero temperatures to find those still missing, state news agency Xinhua said. Preliminary investigations show the landslide resulted from a collapse in a steep cliff, it reported. (BBC Web Page: 23/01/24, FARUK)

**FEMALE FARMER KILLED AS CAR HITS FRENCH PROTESTERS**

A female farmer in her thirties was killed and her husband and teenage daughter were badly hurt when a car crashed into a roadblock during a nationwide protest by French farmers. Farmers have cut off key roads for days in the south-west, one of the France's most important agricultural regions. Early indications suggested the accident south of Toulouse was not deliberate, the local prosecutor said.
(BBC Web Page: 23/01/24, FARUK)

**US AND UK LAUNCH FRESH STRIKES ON HOUTHIS**

The US and UK have conducted a fresh series of joint air strikes against Houthi targets in yemen. The Pentagon said Monday's strikes hit eight targets, including an underground storage site and Houthi missile and surveillance capability. The Iran-backed Houthis have been targeting ships they say are linked to Israel and the West that travel through the important Red Sea trade route. The US and UK said they were trying to protect the "free flow of commerce". A joint statement issued by the Pentagon confirmed an additional round of proportionate and necessary strikes against the Houthis. (BBC Web Page: 23/01/24, FARUK)

**PEERS VOTE AGAINST APPROVING RWANDA TREATY**

In the first vote of its kind, the House of Lords has called for the new UK-Rwanda treaty to be delayed until Kigali improves its asylum procedures. Peers backed a non-binding motion urging the government not to ratify the treaty by 214 votes to 171. The treaty, signed in December, is central to Rishi Sunak's scheme to deport asylum seekers to Rwanda but is separate to the Rwanda Safety Bill. Foreign Secretary Lord Cameron urged his fellow peers to back the bill.
(BBC Web Page: 23/01/24, FARUK)

**HUNDREDS FLEE CARTEL BATTLES IN SOUTHERN MEXICO**

Hundreds of people have fled their homes in the southern Mexican state of Chiapas as two rival cartels battle for control of the routes they use to smuggle migrants and drugs. A local official said more than 700 residents had been displaced from their communities near the Guatemala border. The Jalisco New Generation cartel (CJNG) is trying to wrest the area from the grip of the Sinaloa cartel. Dozens of people have reportedly been killed in recent weeks. Chiapas is Mexico's poorest state with a large indigenous population. (BBC Web Page: 23/01/24, FARUK)

**UAE HAS FUNDED POLITICAL ASSASSINATIONS IN YEMEN**

The United Arab Emirates (UAE) has funded politically motivated assassinations in Yemen, a BBC investigation has found, exacerbating a conflict involving the Yemeni government and warring factions which has recently returned to the international spotlight following attacks on ships in the Red Sea. Counter-terrorism training provided by American mercenaries to Emirati officers in Yemen has been used to train locals who can work under a lower profile - sparking a major uptick in political assassinations, a whistleblower told BBC Arabic Investigations. The UAE government has denied the allegations in our Investigation - that it had assassinated those without links to terrorism - saying they were false and without merit.
(BBC Web Page: 23/01/24, FARUK)

**UK NOT SEEKING CONFRONTATION WITH HOUTHIS: SUNAK**

The UK will not hesitate to take further military action against Houthi targets in Yemen if the group continues Red Sea attacks, Prime Minister Rishi Sunak has told MPs. Mr Sunak said the UK was not seeking confrontation with the Iran-backed group, following overnight joint strikes with the US. He said the UK acted in self-defence in response to the immediate threat. Labour leader Sir Keir Starmer said he backed the targeted action. Addressing the House of Commons on Tuesday, Rishi Sunak said: "We are not seeking a confrontation. We urge the Houthis and those who enable them to stop these illegal and unacceptable attacks.
(BBC Web Page: 23/01/24, FARUK)

**:: The End ::**